# অদ্যই এই শাস্ত্রীয় বচন পূর্ণ হইল

যদি আপনারা চান, দাঁড়িয়ে থাকতে পারেন, যখন আমরা প্রার্থনার জন্য আমাদের মাথা নত করি।

2 প্রিয় স্বর্গীয় পিতা, আমরা আজ রাতে এর জন্য কৃতজ্ঞ, যীশু খ্রীষ্টের এই মহিমান্বিত, বিস্ময়কর সুসমাচার উপস্থাপন করার আরেকটি সুযোগ পাওয়ার জন্য। আমরা আপনাকে ধন্যবাদ জানাই কারণ তিনি কাল, আজ এবং অনন্ত কাল একই আছেন। এই ঠান্ডা আবহাওয়ায় যারা এখানে জড়ো হয়েছেন তাদের জন্য আমরা আপনাকে ধন্যবাদ জানাই, এখনও তাদের বৃহৎ প্রত্যাশা নিয়ে, তাকিয়ে আছেন, এই বিশ্বাস করে যে ঈশ্বরের কাছ থেকে আমাদেরকে অসাধারণ কিছু প্রদান করা হবে। আমরা সেই আশা নিয়ে আসি, প্রভু, প্রতিটি সভায়। শেষ রাতে, ট্যাবারনাকেলে সভার জন্য আমরা আপনাকে ধন্যবাদ জানাই; গত সন্ধ্যায় এখানে সভার জন্য, এবং আজ, ট্যাবারনাকেলে সভার জন্য আপনাকে ধন্যবাদ জানাই। আমরা এখন অপেক্ষা করছি আজ রাতে আপনি আমাদের জন্য কি নিয়ে আসবেন।

3 পিতা, আমরা জানি যে, যে কেউ তাদের হাত নাড়াতে সক্ষম সে বাইবেলের পৃষ্ঠাগুলি উল্টাতে পারে, কিন্তু একমাত্র একজনই আছেন যিনি এটিকে জীবিত করতে পারেন এবং বাস্তবে নিয়ে আসতে পারেন, আর তিনি হলেন আপনি। আর, পিতা, আমরা আজ রাতে এটি করার জন্য আপনার দিকে তাকিয়ে আছি। আমাদের আশীর্বাদ করুন। আমাদের হৃদয় আনন্দে পূর্ণ হয়ে যায় যখন আমরা দেখি সময় ঘনিয়ে আসছে যখন আমরা তাঁর সাথে দেখা করবো, মুখোমুখি, যাকে আমরা এত বছর ধরে ভালোবাসি এবং যার জন্য জীবিত আছি।

4 অনেক নতুন ধর্মান্তরিত হয়েছেন, প্রভু। এটা জেনে যে চল্লিশ অথবা পঞ্চাশজন, আপনার নামে বাপ্তিস্ম গ্রহণ করবে, সকালে, গত রাতের সভা থেকে। হে ঈশ্বর, বজায় রাখুন, আমরা প্রার্থনা করি, যতক্ষণ না ঈশ্বরের প্রতিটি পূর্বনির্ধারিত বীজ সুসমাচারের আলো দেখে, এবং ভাঁজে না আসে।

5 আমরা আপনাকে আজ রাতে আমাদের বাক্যের পিছনে

লুকানোর জন্য অনুরোধ করি; জগতের বিষয় থেকে আমাদের অন্ধ করে, আর আমাদের যীশুকে দেখতে দিন। আজ রাতে আমাদের মধ্যে একটি রূপান্তর পর্বতের অভিজ্ঞতা হোক, যাতে আমরা শুধু যীশু ছাড়া আর কাউকে দেখতে না পাই। আমরা এটা তাঁর নামে প্রার্থনা করি, এবং তাঁর মহিমা এবং তাঁর সুসমাচারের প্রমাণের জন্য। আমেন।

আপনারা বসতে পারেন।

6 আমি শুধু এই মাইকটি, অথবা এই ডেস্কটি ঘুরিয়ে দিতে যাচ্ছি, একটু পাশের দিকে, যদি সবকিছু ঠিক থাকে, যাতে আমি উভয় দিকে দর্শকদের দেখতে পারি। আমি অনুমান করি, আমি এই মাইক্রোফোনগুলি এখানে আনতে পারি। ঠিক আছে, এক মুহূর্ত।

7 আমরা আজ রাতে এখানে প্রধান অডিটোরিয়াম থেকে শুভেচ্ছা জানাচ্ছি, আরিজোনা, ক্যালিফোর্নিয়া, টেক্সাস এবং মার্কিন যুক্তরাষ্ট্র জুড়ে আমাদের বন্ধুরা টেলিফোনের মাধ্যমে সংযুক্ত রয়েছেন। এটা—এটা দেশব্যাপী চলে যাচ্ছে, এই সভা আজ রাতে, টেলিফোনের মাধ্যমে, তাই আমরা বিশ্বাস করি যে ঈশ্বর আমাদের আশীর্বাদ করবেন।

8 আপনারা কি শুনতে পাচ্ছেন, অডিটোরিয়ামের—অডিটোরিয়ামের বাম দিকে? ঠিক আছে, তারা এখন টেলিফোন সিস্টেমটি পরীক্ষা করতে যাচ্ছেন, এটি ঠিক ভাবে কাজ করছে কিনা তা দেখার জন্য।

9 আজ রাতে কি সকলে খুশি? [মণ্ডলী বলল, "আমেন।"—সম্পাদকীয়।] বলুন, এটা ঠিক আছে! *এই* দিকে? ["আমেন।"] আমেন। আপনারা সকলে আরামে বসে আছেন দেখে আমি খুব খুশি।

10 আর এখন আগামীকাল রাতে, যদি ভিড় বাড়তে থাকে, সেখানে সরাসরি টেলিফোনও রয়েছে। আজ রাতে আছে। আমি মনে করি তাদের মধ্যে কয়েকজন সেখানে ট্যাবারনাকেলে আছেন।

11 আর, আগামীকাল সকালে, ট্যাবারনাকেলে সভা করা যাবে না, কারণ...সেখানে একজন ফুল বিক্রেতা আগামীকাল বিকেলে একটি বিয়ের জন্য গির্জা সাজানোর জন্য থাকবেন। আর তারা এই—এই সভাগুলি স্থানান্তরিত করেছেন, সকালে, ভাই রুডেলের গির্জাতে, আমাদের একজন সহযোগী, আর এখানে—এখানে ৬২ রাজপথে। এটা কি ঘোষণা করা হয়েছে? [ভাই নেভিল বলেন, "হ্যাঁ।"—সম্পাদকীয়।] এটা ঘোষণা করা হয়েছে। আর, যদি এটি

সেখানে উপচে পড়ে, আমরা বাকিদের জন্য অন্য একজন সেবককে ক্লার্কসভিলেতে ভাই জুনিয়র জ্যাকসনের কাছে পাঠাব। যে কারণে ভাই রুডেলের কাছে আমরা এটি রেখেছি, এটি এখানে কাছাকাছি, আর আমরা...আর আমরা ভেবেছিলাম আপনাদের জন্য এটি সহজ হবে। আর তারপরে আমরা যে কোনোভাবে এর যত্ন নিব। আর আগামীকাল তাদের সকলকে বাপ্তিস্ম দিতে ভুলবেন না, আর আমি আশা করি আগামীকাল বাপ্তিস্মের জন্য আরও একশ অথবা দুইশো জন যুক্ত হবেন। আর এখন আগামীকাল রাতে...

12 আমি কখনই সময়ের আগে কিছু ঘোষণা করতে পছন্দ করি না, কিন্তু এক রাতে সভার মধ্যে, অথবা একদিন, আমি এই বিষয়ে কথা বলতে চাই: *এই মল্কীষেদক কে* ? কারণ, এটি একটি—একটি বিষয় যা আমি মনে করি, আমরা সেই সময়ে বাস করছি যখন এই প্রকাশগুলি, যার বিষয়ে যুগ যুগ ধরে প্রশ্ন করা হয়েছে, "এই লোকটি কে ?" আর আমি বিশ্বাস করি যে ঈশ্বরের কাছে উত্তর আছে, তিনি কে ছিলেন। কেউ বলেছেন, "একজন যাজকত্ব," কেউ বলেছেন, "একজন রাজা," কেউ...কিন্তু সেখানে আছে...

13 যখন সেখানে একটি প্রশ্ন থাকে, সেই প্রশ্নের একটি উত্তর থাকতে হবে, যা সঠিক হবে। প্রথমে একটি উত্তর ছাড়া, একটি প্রশ্ন হতে পারে না।

14 এখন, আমরা বিশ্বাস করি যে ঈশ্বর আজ রাতে তাঁর বাক্য থেকে আমাদের আশীর্বাদ করবেন, যখন আমরা এটি পাঠ করি।

15 আর আপনি...বিলি আমাকে আপনাদের বলতে বলেছিলেন, যে আপনি নিশ্চিতভাবে এখানকার লোকদের সাথে ভালো সহযোগিতা পেয়েছেন সেটি পার্কিং ব্যবস্থা, পুলিশ এবং সবকিছুতে রয়েছে। এটা বজায় রাখুন; এটা খুব, খুব ভালো।

16 আমরা সেই সময়টি দেখতে পাব বলে আশা করি, হয়তো অদূর ভবিষ্যতে, যখন আমরা এখানে শহরে তাঁবুটি আনতে পারব আর এটি এখানে বলপার্কে স্থাপন করতে পারবো, যেখানে আমরা কিছু সময় থাকতে পারবো, হয়তো তিন অথবা চার সপ্তাহের জন্য, ক্রমাগত, পুনরুজ্জীবন। আর এখানে আমরা খুব কমই একে অপরের সঙ্গে সাক্ষাৎ করতে পারি, আর তারপর আমাদের বিদায় বলতে হয় এবং আমরা আবার চলে যাই। কিন্তু আমি আসতে চাই এবং একটি বিস্তৃত সময় জুড়ে থাকতে চাই, এক সময় যেখানে আপনি থাকতে পারেন যাতে আমাদের এক বা দুই রাতের মধ্যে বাইরে যেতে না হয়, কিন্তু শুধু থাকা আর প্রচার করা, দিন এবং রাত, দিন এবং

রাত, অবিরত। হয়তো কেউ বাড়িতে গিয়ে মুরগিকে খাবার দিবেন, গাভীর দুধ দোয়াবেন এবং পরের সপ্তাহে ফিরে এসে সভা চালিয়ে যাবেন। আমি—আমি এটা পছন্দ করি। তাই প্রভু আপনাদের সঙ্গে থাকুন।

17 এখন, আমি যাওয়ার আগে, সম্ভবত রবিবার সকালে অথবা রবিবার রাতে, অথবা কখনও, এই সভাগুলির মধ্যে একটি, আমি জানি আপনারা সবাই *বিবাহ এবং বিবাহবিচ্ছেদ* বিষয়ে সত্যের বার্তা শোনার জন্য অপেক্ষা করছেন, যা বর্তমান সময়ের একটি বড় সমস্যা। আর আমি এতোটা নিশ্চিত যে আমি এখানে দাঁড়িয়ে আছি, আমি বিশ্বাস করি যে সঠিক উত্তরটি ঈশ্বরের বাক্যে রয়েছে, আর আমি বিশ্বাস করি যে এর জন্যই আমি ফিরে আসার প্রতিশ্রুতি দিয়েছিলাম।

18 আর আমি অনুমান করি, জ্ঞাতসারে, আমি যতদূর জানি, আমি এখানে জেফারসনভিলেতে আরেকটি সভা করতে চাই, ইস্টার রবিবারে, আর আমরা...সূর্যোদয়ের সভার জন্য, আর তারপর ইস্টার রবিবারে। তাই আমরা এটি আগেই ঘোষণা করব আর সম্ভব হলে অডিটোরিয়াম নেওয়ার চেষ্টা করব, অথবা কোথাও, রবিবারের জন্য, সম্ভবত আগামী শনিবার এবং রবিবার। সেখানে গিয়ে পরে বেরিয়ে যেতে হবে, কারণ এটি সেই সময়ের কাছাকাছি... আমাকে এটি প্রথমে দেখতে হবে, আমার কাছে থাকা সময়সূচীর সঙ্গে, আর আমার—আমার—আমার ক্যালিফোর্নিয়ায় ভ্রমণসূচীর একটি। আর তারপর, তার পরপরই, আমাকে আফ্রিকায়—আফ্রিকায় যেতে হবে। তাই আমাদের সঙ্গে থাকুন এবং আমাদের জন্য প্রার্থনা করুন।

19 এখন, আজ রাতে, আমি আপনাদের মনোযোগ ঈশ্বরের বাক্যের একটি অংশের প্রতি আকর্ষণ করতে চাই, যা লূক লিখিত সুসমাচারের ৪র্থ অধ্যায়ে পাওয়া যায়। ৪র্থ অধ্যায় এবং ১৬তম পদ, এটি শুরু হয়, যীশু কথা বলছেন।

> ...*অদ্যই এই* শাস্ত্রীয় বচন *তোমাদের কর্ণগোচরে পূর্ণ হইল।*

20 এখন আমরা এটি থেকে একটি উপসংহার টানতে চাই, ঈশ্বরের বাক্য কতটা গতিশীল! এখন, আমরা সবাই যান্ত্রিকতা ঠিক করতে পারি, কিন্তু এটি কাজ করতে গতিশীলতার প্রয়োজন।

21 আমরা একটি মেশিন, গাড়ির যান্ত্রিকতা কি তা বের করতে পারি, কিন্তু চাকাগুলিকে সচল এবং চলমান করতে গতিশীলতার

প্রয়োজন হয়।

22 এখন, যীশু ফিরে এসেছিলেন—নাসরতে, যেখানে তিনি বড় হয়েছিলেন। এখানে শাস্ত্রে, আমরা দেখতে পাই যে তারা বলেছেন, "আমরা শুনেছি আপনি কফরনাহূমে *অমুক-অমুক* কাজ করেছেন। এখন আমাদেরকে দেখান, আপনি এখানে আপনার নিজের দেশে সেই কাজগুলি করুন।"

23 যীশু বললেন, "একজন—একজন ভাববাদী স্বদেশ ব্যতীত সম্মানহীন হন না।" আর, অবশ্যই, সেখানেই আপনি বড় হয়েছেন, এবং সেখানে লোকেরা আপনাকে জানে। আর সেখানে তার একটি—একটি—একটি বদনাম ছিল, শুরু করার জন্য, তিনি পার্থিব পিতা ছাড়া জন্মগ্রহণ করেছিলেন। তারা তাকে "একজন অবৈধ সন্তান" বলে অভিহিত করেছিল, যে মরিয়ম আসলে আনুষ্ঠানিকভাবে বিয়ের আগে গর্ভবতী ছিলেন, যোষেফ। কিন্তু, সেটি এমন ছিল না, আমরা জানি সেটি এমন ছিল না।

24 আর এই শাস্ত্রের উপর, যে কারণে আমার চোখ এর উপর পড়েছিল, এমন কিছু যা সম্প্রতি ফিনিক্স, অ্যারিজোনায় ঘটেছে। এটি গতকাল, সভায় যেখানে আমাকে প্রচার করতে হয়েছিল ফুল গসপেল বিজনেস ম্যানদের আন্তর্জাতিক সম্মেলনে।

25 আর এই সম্মেলনে আমাদের সঙ্গে একজন অতিথি ছিলেন, যিনি একজন ক্যাথলিক বিশপ ছিলেন, যিনি—যিনি "অ্যাপোস্টোলিক ক্যাথলিক চার্চের চ্যালডিয়ান রাইট; রেভ. জন এস. স্ট্যানলি, ও.এস.ডি" তিনি ক্যাথলিক গির্জার "মহানগর মার্কিন যুক্তরাষ্ট্রের আর্চবিশপ"। *এটা* তার কার্ড এবং তার—এবং তার ঠিকানা।

26 আর তিনি খ্রিস্টান বিজনেস ম্যানদের একজন অতিথি ছিলেন, আর আমি তাকে সেখানে গতকাল দেখেছিলাম। আর যখন আমি শনিবার রাতে কথা বলছিলাম, আমি বিশ্বাস করি এটা ছিল, অথবা শনিবার সকালে প্রাতঃরাশে, আর আমি...যখন আমি কথা বলছিলাম, তিনি আমাকে দেখতে থাকলেন। আমি ভাবলাম, "সেই ব্যক্তি অবশ্যই আমি যা কিছু বলছি তার সাথে একমত নন।" আর, আপনারা জানেন, আপনারা—আপনারা তাকে দেখতে পেতেন; তিনি তার মাথা উপরে এবং নীচে করছিলেন, কিন্তু আমি জানতাম না ঠিক কি তার উপর কাজ করছিল।

27 তাই রবিবার বিকেলে, যখন আমি কথা বলতে উঠলাম, আমি, *প্রসবকালীন বেদনা,* এই বিষয়ের উপর আমার পাঠ্য

নিতে যাচ্ছিলাম, যেখানে যীশু বলেছেন, যে, “প্রসবকালীন সময় মহিলারা যেমন বেদনা পায়,” সে প্রসবকালীন সময়ের বেদনা পাচ্ছে। আর তাই আমি সেখান থেকে কথা বলতে যাচ্ছিলাম, যেমন, *প্রসবকালীন বেদনা,* এই বিষয়ে, এই বলে যে পৃথিবী এখন প্রসবকালীন বেদনার মধ্যে রয়েছে। পুরাতনকে দূরে যেতে হবে, যাতে নতুনের জন্ম হয়; ঠিক যেমন একটি—একটি বীজকে পচে যেতে হয়, নতুন জীবন নিয়ে আসার জন্য।

28 আর কিভাবে যন্ত্রণা, প্রসব বেদনা বিশ্বকে আঘাত করেছিল! প্রথম বিশ্বযুদ্ধে, সে একটি ভয়ঙ্কর যন্ত্রণা পেয়েছিল, কারণ তাদের কাছে বিষাক্ত গ্যাস ছিল, এবং আরও অনেক কিছু, যা প্রায় বিশ্বকে ধ্বংস করতে পারে। আর দ্বিতীয় বিশ্বযুদ্ধে, সে আরেকটি আঘাত করেছিলেন, আরো কঠিন যন্ত্রণা; তাদের কাছে ব্লকবাস্টার বোমা, এবং পারমাণবিক বোমা ছিল। সে আরেকটি প্রসব বেদনা সহ্য করতে পারে না। আজ এই ক্ষেপণাস্ত্র এবং জিনিসগুলির সাথে, আর একটি যুদ্ধ তাকে মহাকাশে নিক্ষেপ করবে, কারণ তাকে এখন প্রসব করা হবে। আর সেখানে একটি নতুন পৃথিবী হবে। বাইবেল বলে সেখানে হবে।

29 প্রতিটি ভাববাদীর বার্তার অধীনে, ইস্রায়েলের একটি প্রসব বেদনা পেয়েছিল, কারণ এই ভাববাদীরা দৃশ্যপটে আসেন যখন ধর্মতত্ত্ববিদ এবং যাজকরা মণ্ডলীকে একটি সংগঠন আকারে নিয়ে আসার পরে। আর যখন সেই ভাববাদীরা দৃশ্যে আসেন, **সদাপ্রভু এই কথা কহেন** এই বাক্য নিয়ে, তারা সেই মণ্ডলীকে কাঁপিয়ে দেয়, আর সেই মণ্ডলী প্রসব বেদনায় প্রবেশ করে। অবশেষে, মণ্ডলী প্রসব বেদনায় চলে যায় যতক্ষণ না সে সুসমাচারের পুত্রের জন্ম দেয়, যা ছিল, বাক্য স্বয়ং দেহধারণ করে।

30 তাই মণ্ডলী সত্যিই আজ রাতে প্রসব বেদনার মধ্যে রয়েছে, পুনরায়, পুত্রের মুক্তির জন্য, ঈশ্বরের পুত্রের পুনরায় আগমনের জন্য। আমাদের সকল ধর্মতাত্ত্বিকগণ, আমাদের সকল ব্যবস্থা, আমাদের সকল ধর্মসম্প্রদায়, আমাদের নীচে থেকে পচে গেছে। তাই আমরা প্রসব বেদনার মধ্যে রয়েছি, আর ঈশ্বরের কাছ থেকে একটি বার্তা সর্বদা মণ্ডলীকে ভারী বেদনার মধ্যে ফেলে দেয়, কিন্তু কিছুক্ষণ পরে সে একজন বধূর দ্বারা জন্ম নিতে যাচ্ছে। সেটি যীশু খ্রীষ্টকে তার বধূর কাছে নিয়ে আসবে।

31 আর, তখন, এই লোকটি আমার সাথে এতটা দ্বিমত পোষণ করেছিলেন তা ভেবে। যখন আমি এই বার্তাটি প্রচার করার জন্য

উঠে দাঁড়ালাম, সেই পৃষ্ঠাটি বের করার জন্য আমি আমার বাইবেল খুললাম।

32 আমার স্ত্রী আমাকে একটি নতুন বাইবেল দিয়েছিলেন, ক্রিসমাসের জন্য। আমার পুরানো বাইবেলের বয়স প্রায় পনেরো বছর হয়ে গিয়েছিল, আর প্রায় টুকরো টুকরো হয়ে গিয়েছিল। যখনই এটি খুলতাম, পৃষ্ঠাগুলি, এটি থেকে উড়ে যেত। কিন্তু আমি জানতাম প্রতিটি শাস্ত্র কোথায় খুঁজে পাওয়া যাবে, তাই আমি সেই বাইবেলটি খুব ধ্যান দিয়ে অধ্যয়ন করতাম। আর আমি নতুনটি তুলে নিলাম, কারণ অন্যটি, গির্জায় যাওয়ার জন্য, খুব এলোমেলো দেখাচ্ছিল।

33 আর যখন আমি যোহন লিখিত সুসমাচার খুলতে শুরু করি, যেখানে শাস্ত্রটি ছিল, আমি ১৬ তম অধ্যায় পড়তে শুরু করি, আর আমি যে পদটি খুঁজছিলাম তা সেখানে ছিল না। তাই আমি ভাবলাম, "অদ্ভুত!" আমি আবার ফিরে গেলাম; তখনও এটা সেখানে ছিল না।

34 আর ভাই জ্যাক মুর, শ্রেভোপোর্ট, লুইসিয়ানা থেকে, আমার একজন ভালো বন্ধু, তিনি সেখানে বসে ছিলেন। আমি বললাম, "ভাই জ্যাক, এটা কি যোহন লিখিত সুসমাচার ১৬তে পাওয়া যায় না?"

তিনি বললেন, "হ্যাঁ।"

35 আর এই ক্যাথলিক যাজক তার আসন থেকে উঠে দাঁড়ালেন, মঞ্চে বসে থাকা প্রায় একশ পাদ্রীর মধ্য থেকে; আমার খুব কাছে এসে, তার সমস্ত পোশাক এবং গাউন এবং ক্রুশ ইত্যাদি পরিধান করে, আর আমার কাছে চলে আসলেন। আর তিনি বললেন, "আমার পুত্র, স্থির হও। ঈশ্বর পদক্ষেপ নিতে যাচ্ছেন।"

আমি ভাবলাম, "একজন ক্যাথলিক বিশপ আমাকে এটা বলছেন?"

তিনি বললেন, "এটা আমার পুস্তক থেকে পাঠ করো।"

36 আর আমি তার পুস্তক থেকে শাস্ত্রটি পড়লাম, আর আমার পাঠ্যটি নিলাম, আমার বার্তা প্রচার করলাম।

37 পরে, যখন আমি শেষ করি, আমি চলে যাওয়ার পর তিনি উঠে দাঁড়ালেন, আর বললেন, "একটি জিনিস ঘটতে হবে। এর পরে, মণ্ডলীকে সেই বিশৃঙ্খলা থেকে বেরিয়ে আসতে হবে, অথবা মণ্ডলী যে বিশৃঙ্খলায় আছে সেখান থেকে আমাদের বেরিয়ে আসতে হবে।" সুতরাং, এক বা অন্যটি।

38 আর আমি আমার বাড়ির পথে ছিলাম, টুকসনের পথে, সেই সন্ধ্যায়। বাচ্চারা স্যান্ডউইচের জন্য কাঁদছিল, আর আমি একটি ছোট দোকান থেকে স্যান্ডউইচ নিতে থামলাম। আর আমার স্ত্রী বললেন, "বিল, আমি আমার জীবনে এতটা নার্ভাস হইনি, আপনাকে সেখানে দাঁড়িয়ে সেই বাইবেলের মধ্যে এদিক ওদিক করতে দেখে।" বললেন, "এটা কি আপনাকে নার্ভাস করেনি ?"

39 আমি বললাম, "না।" আমি বললাম, "আমি জানতাম এটা সেখানে কোথাও আছে। তাদের কাছে সেখানে সেই পৃষ্ঠাটি ছিল না। এটি একটি মুদ্রণ ত্রুটি ছিল।"

40 আর সে বলল, "এই ভেবে, যে আমি আপনার কাছে সেই বাইবেলটি নিয়ে এসেছি! দেখে মনে হচ্ছিল যেন প্রতিটি চোখ আমার দিকে ছিল।"

41 আর আমি বললাম, "ঠিক আছে, তুমি এটা করতে পারতে না। এটি বাইবেল মুদ্রণের একটি ত্রুটি ছিল।" আমি বললাম, "তারা সেই পৃষ্ঠাটি সেখানে রাখে নি।"

42 ঠিক আছে, আমি সেখানে গিয়ে এর দিকে আবার তাকালাম, ঠিক যেমন সঠিক এটি হতে পারে; কিন্তু ১৬ অধ্যায় শেষ হয়, অংশ, এর অংশটি নিচ থেকে প্রায় তিন ইঞ্চি দূরে, অন্য দিকে ১৭ অধ্যায়, ঠিক একই রকম ছিল। আর, একটি নতুন বাইবেল হওয়ায়, সেই দুটি পৃষ্ঠা একদম একসাথে আটকে ছিল, আর আমি ১৬ অধ্যায়ের পরিবর্তে ১৭ অধ্যায় থেকে পড়ছিলাম। "ঠিক আছে," আমি বললাম, "সেটি ঠিক আছে। এটি কোনো কারণের জন্য।"

43 আর আপনি যতটা সরলভাবে কোন রব শুনতে পান, একটি রব আমার কাছে এসে বলল, "তিনি নাসরতে প্রবেশ করেন, যেখানে তিনি প্রতিপালিত হন; এবং সমাজ-গৃহে প্রবেশ করলেন, যেমন তাঁর রীতি ছিল। আর যাজক তাকে শাস্ত্র পাঠ করার জন্য দিলেন, আর তিনি যিশাইয় ৬১ পাঠ করলেন। আর যখন তিনি শাস্ত্র পাঠ করলেন, তিনি বসলেন; যাজকের কাছে বাইবেল, পুস্তকটি দিয়ে বসলেন। আর মণ্ডলীর সকলের দৃষ্টি তাঁর উপর ছিল। আর মূল্যবান বাক্য তাঁর মুখ থেকে বেরিয়েছিল। আর তিনি বললেন, 'অদ্যই এই শাস্ত্রীয় বচন পূর্ণ হইল।'"

"অদ্যই এই শাস্ত্রীয় বচন পূর্ণ হইল।"

44 শাস্ত্র কত নির্ভুল! আপনারা যদি এটি যিশাইয় ৬১:১ থেকে ২ পদে লক্ষ্য করেন, যেখান থেকে আমাদের প্রভু পাঠ করছিলেন, যিশাইয় ৬১:১ থেকে ২। কিন্তু যিশাইয় ৬১ এর ২য় পদের মাঝখানে,

তিনি থেমে যান। যেখানে বলা হয়েছে, "সদাপ্রভুর আত্মা আমাতে অধিষ্ঠান করেন; যেন প্রসন্নতার বৎসর ঘোষণা করি," তারপর তিনি থেমে যান। কেন? পরের অংশ, বিচার আনার জন্য, তাঁর প্রথম আগমনের জন্য প্রযোজ্য নয়, কিন্তু তাঁর দ্বিতীয় আগমনের জন্য প্রযোজ্য। দেখুন, এটা সেখানে প্রযোজ্য হয়নি। কিভাবে শাস্ত্র কখনও ভুল করে না! তারা সবসময় নিখুঁত। ঠিক যেখানে শাস্ত্র থেমে ছিল যীশু সেখানে থামলেন, কারণ এটিই তাঁর সময়ে প্রমাণিত হওয়ার কথা ছিল, এখন, সেই প্রথম আগমনে। দ্বিতীয় আগমনে তিনি পৃথিবীতে বিচার আনবেন; কিন্তু তখন সেটি ছিল না। তিনি "প্রসন্নতার বৎসর ঘোষণা করার জন্য" ছিলেন।

45 লক্ষ্য করুন মশীহ্ মঞ্চে দাঁড়িয়ে আছেন, সেই যুগের জন্য প্রতিশ্রুত বাক্য দিয়ে নিজেকে চিহ্নিত করার জন্য। কি অদ্ভুত, মশীহ্ মণ্ডলীর সামনে দাঁড়িয়ে আছেন! আর এই মূল্যবান বাক্যগুলি দেখুন, যখন তিনি এখানে বলেন, "প্রসন্নতার বৎসর ঘোষণা করার জন্য।"

46 "প্রসন্নতার বৎসর," যেমন আমরা সবাই জানি, বাইবেল পাঠক হিসাবে, ছিল "জয়ন্তীর বছর।" যখন সমস্ত ক্রীতদাস এবং বন্দী, যেমন তারা ছিল, নেওয়া হয়েছিল, কারাগারে; এবং ঋণ পরিশোধ করার জন্য একজন পুত্রকে দান করতে হয়েছিল; অথবা একজন কন্যা, ঋণ পরিশোধ করার জন্য, [টেপের খালি অংশ—সম্পাদকীয়।] আর তারা দাসত্বে ছিল। তারা কতদিন ধরে দাসত্বে ছিল, অথবা কতদিন তাদের সেখানে থাকার কথা ছিল তাতে কিছু যায় আসে না; যখন জয়ন্তীর বছর আসে, যখন তূরী বাজানো হয়, প্রতিটি ব্যক্তি স্বাধীন হতে পারেন, যদি তিনি স্বাধীন হতে চান। [টেপের খালি অংশ।] আপনি স্বাধীন। আপনি আর দাস ছিলেন না।

47 কিন্তু আপনি যদি দাস হয়ে থাকতে চান, তখন আপনাকে মন্দিরে নিয়ে যাওয়া হতো, মন্দিরের খুঁটির পাশে দাঁড়িয়ে, আর তারা একটি সুই দিয়ে আপনার কানে একটি ছিদ্র করে দিতো, আর তারপর আপনাকে আপনার বাকি দিনগুলি সেই ক্রীতদাসদের প্রভুর সেবা করতে হতো।

48 এটি যীশু খ্রীষ্টের সুসমাচারের সঙ্গে কত নিখুঁত উদাহরণ! যখন এটি প্রচার করা হয়, প্রসন্নতার সময়, এবং জয়ন্তীর সময়; যে কেউ, আপনি যেই হোন না কেন, আপনি কোন বর্ণের, আপনি কোন ধর্মসম্প্রদায়ের অন্তর্গত, আপনি পাপে নিচু হয়ে গেছেন, অথবা আপনার সঙ্গে কি ভুল হয়েছে; আপনি যখন সুসমাচারের তূরীর ধ্বনি শুনতে পান তখন আপনি মুক্ত হতে পারেন। আপনি স্বাধীন!

49 কিন্তু আপনি যদি বার্তাটির থেকে মুখ ফিরিয়ে নেন এবং এটি শুনতে অস্বীকার করেন, লক্ষ্য করুন, আপনার কানে ছিদ্র করা হয়েছে, একটি সুই দিয়ে। এর মানে, বলার অর্থ, যে আপনি অনুগ্রহ এবং বিচারের মধ্যেকার সীমা অতিক্রম করেছেন, আর আপনি আর কখনও সুসমাচার শুনতে পাবেন না। আপনি আর কখনও পাবেন না। আপনি যে ব্যবস্থায় আছেন, আপনাকে তার দাস হতে হবে, আপনার বাকি দিনগুলির জন্য, যদি আপনি প্রসন্নতার বছর শুনতে অস্বীকার করেন।

50 এখন, এর অপর অংশ, যেমন আমি বলেছি, উত্তর দেওয়ার দরকার নেই, কারণ এই আসন্ন মশীহ, একটি সময়ে, যখন তিনি বিচার আনবেন।

51 এখন, কেমন করে সেই লোকেরা, তিনি কে তা দেখতে ব্যর্থ হতে পারে? কিভাবে তারা এটা দেখতে ব্যর্থ হয়েছিল? এটা কিভাবে হতে পারে, যখন এটা এত স্পষ্টভাবে প্রকাশিত এবং দেখানো হয়েছিল? কিভাবে তারা এটি দেখতে ব্যর্থ হতে পারে? যখন তিনি...

52 কেমন একটি বাক্য! এটা চিন্তা করুন, "অদ্যই এই শাস্ত্রীয় বচন তোমাদের কর্ণগোচরে পূর্ণ হইল।" কে এটা বলেছে? স্বয়ং ঈশ্বর, যিনি তাঁর নিজের বাক্যের ব্যাখ্যাকারী। "অদ্যই এই শাস্ত্রীয় বচন পূর্ণ হইল।" মশীহ, স্বয়ং, মণ্ডলীর সামনে দাঁড়িয়ে এবং বাইবেল থেকে একটি বাক্য পাঠ করেন, নিজের বিষয়ে, আর তারপর বলেন, "অদ্যই এই শাস্ত্রীয় বচন পূর্ণ হইল," আর তবুও তারা এটি দেখতে ব্যর্থ হয়েছিল।

53 সেটি কেমন একটি দুঃখজনক ঘটনা হবে, কিন্তু এটি ঘটেছে। এটি অনেকবার হয়েছে। এটা কিভাবে ঘটতে পারে? অবশ্যই, অন্য সময়ে যেমন হয়েছিল, মানুষের বাক্যের ব্যাখ্যাকে বিশ্বাস করার মাধ্যমে। সেই জন্যই এটি হয়েছিল। সেই সময়গুলিতে বিশ্বাসীরা, তথাকথিত বিশ্বাসীরা, যাজক শাস্ত্র বিষয়ে যা বলেছিলেন, তার ব্যাখ্যা গ্রহণ করছিলেন। তাই যীশু, তাদের কোন পদমর্যাদার অথবা তাদের সমাজের অন্তর্গত না হওয়ার জন্য, তাঁকে তাদের দল থেকে বহিষ্কার করা হয়েছিল।

54 আর, সেইজন্য, তারা তাদের সাথে তাঁকে সনাক্ত করতে পারেনি, কারণ তিনি তাদের থেকে আলাদা ছিলেন। যীশু খ্রীষ্টের ব্যক্তিত্ব এতটাই অনন্য ছিল যে, যে তিনিই সেই ঈশ্বরের পুত্র তা দেখতে কেউই যেন ভুল না করে, কারণ তাঁর বিষয়ে লেখা শাস্ত্রের

নিখুঁত প্রকাশ তিনি ছিলেন।

55 যে কোন খ্রিস্টান এইভাবে পরিচিত, যখন তার জীবন সেই বিষয়গুলিকে চিহ্নিত করে যা খ্রিস্টানদের করার কথা।

56 কিভাবে তিনি সেখানে দাঁড়িয়ে বলতে পারেন, "অদ্যই এই শাস্ত্রীয় বচন তোমাদের কর্ণগোচরে পূর্ণ হইল!" কতটা অসামান্য, কতটা সরলভাবে, তবুও সেই লোকেরা ভুল বুঝেছিল। কেন? কারণ তারা যাজকদের কিছু আদেশের ব্যাখ্যা গ্রহণ করেছিল যা তারা শুনছিল।

57 আর ইতিহাস সবসময় পুনরাবৃত্তি করে। আর শাস্ত্রের একটি যৌগিক অর্থ রয়েছে, এবং একটি যৌগিক প্রকাশ।

58 উদাহরণস্বরূপ, যেমন এটি বাইবেলে বলা হয়েছে, যে, "আমি আমার পুত্রকে মিশর হইতে ডাকিয়াছি," যীশুকে উল্লেখ করে। এর উপর রেখা টানুন, এবং আপনি খুঁজে পাবেন, যাকোবকেও উল্লেখ করা হয়েছে, একই শাস্ত্রে। যীশু তাঁর বড় পুত্র ছিলেন। যাকোব ছিলেন তাঁর পুত্র যাকে তিনি মিশর থেকে ডেকেছিলেন, যা স্কোফিল্ডের প্রসঙ্গ এবং অন্যান্য সকল প্রসঙ্গ এটিকে প্রদান করে, কারণ এটি সেই শাস্ত্র যার বিষয়ে এটি উল্লেখ করছিল। তাই এর একটি—একটি দ্বৈত উত্তর ছিল; যাকোবকে আহ্বান করা এটি একটি উত্তর ছিল, এবং যীশুকে আহ্বান করার জন্য।

59 আর আজও তাই! কারণ আমরা যে অশান্তিতে রয়েছি, আর লোকেরা ঈশ্বরের সত্যকে দেখতে ব্যর্থ হয়, কারণ ঈশ্বরের বাক্যের অনেকগুলি মনুষ্যসৃষ্ট ব্যাখ্যা রয়েছে। ঈশ্বরের বাক্য ব্যাখ্যা করার জন্য কারো প্রয়োজন নেই। তিনি তাঁর নিজের ব্যাখ্যাকারী।

60 ঈশ্বর বলেছিলেন, আদিতে, "দীপ্তি হউক," আর সেখানে দীপ্তি হয়েছিল। এর কোন ব্যাখ্যার প্রয়োজন নেই।

61 তিনি বলেছিলেন, "একজন কুমারী গর্ভবতী হইবে," আর সে হয়েছিল। এর কোন ব্যাখ্যার প্রয়োজন নেই।

62 যখন...ঈশ্বর, তাঁর বাক্যের ব্যাখ্যা করেন, যখন তিনি প্রকাশ করেন এবং প্রমাণ করেন যে এটি এইরকম। সেটি তার ব্যাখ্যা, এটি বাস্তবায়িত করার মাধ্যমে। সেখানেই ঈশ্বরের ব্যাখ্যা রয়েছে, যখন তিনি তাঁর বাক্যকে বাস্তবায়িত করেন। তিনি আপনার কাছে এটি ব্যাখ্যা করছেন।

63 যেমন সেখানে কখনও আলো ছিল না, আর তিনি বললেন, "দীপ্তি হউক," আর সেখানে হয়ে যায়, সেটি ব্যাখ্যা করার জন্য কারো প্রয়োজন নেই।

64 কিন্তু আমরা, মনুষ্যনির্মিত সিস্টেমগুলির সাথে এটি মিশ্রিত করি, আর, যখন আপনি সেটি করেন, আপনি—আপনি এটিকে রেখার বাইরে নিয়ে যান। এটি সবসময় এই ভাবে হয়েছে।

65 কিন্তু আমি এখনও চিন্তা করি এটা কতটা আকর্ষণীয় ছিল। এই বিষয়ে ভাবুন, মশীহ! কেন তারা তাকে দেখতে ব্যর্থ হয়েছিল? কারণ, তাদের সেই নেতাগুলো যাদের তাঁকে জানা উচিত ছিল, যাদের শাস্ত্রে পারদর্শী হওয়া উচিত ছিল, যাদের শাস্ত্রের জ্ঞান থাকা উচিত ছিল, তারা এই লোকটিকে ছোট করে বলেছিল, "সে একজন অবৈধ সন্তান, শুরু—শুরু করার জন্য। আমরা এটা বিশ্বাস করব না।"

66 বহু বছর পরে, আমরা এটা বিশ্বাস করি না। আমরা এই উদ্দেশ্যে মারা যাব যে তিনি একজন কুমারী দ্বারা জন্মিত পুত্র ছিলেন।

67 আর এটা কোন একদিন ঘটবে যে, আমরা আজ যিহোবাকে যে কাজগুলি করতে দেখি, আগামী যুগের পুরুষরা, যদি থাকেন, আমরা আজ যে বিষয়ে কথা বলছি তার জন্য মারা যাবেন। যখন পশুর চিহ্ন চলে আসে, তখন আপনাকে এটি করতে হবে, আর আপনাদের এইভাবে সুসমাচার প্রচার করার অনুমতি দেওয়া হবে না। যখন মণ্ডলীগুলি বিশাল সঙ্ঘে একত্রিত হয়, যা এখন বিশ্ব মণ্ডলীর জন্য শৃঙ্খলাবদ্ধ হচ্ছে, আপনাকে এর জন্য আপনার নিজের জীবন দিয়ে আপনার সাক্ষ্য সীলমোহর করতে হবে।

68 আপনাকে এখন এটা বিশ্বাস করতে হবে। যদি সেই যাজকেরা উঠতে পারেন, যারা তাঁকে দোষী করেছিলেন, তবে তাঁকে দোষী করবেন না। "কিন্তু," আপনারা বলেন, "আমি যদি সেখানে থাকতাম, আমি *অমুক-অমুক* কাজ করতাম।" ঠিক আছে, সেটি আপনার সময় ছিল না। কিন্তু, এটি আপনার সময়, এটাই সেই সময়।

আপনারা বলেন, "ঠিক আছে, যদি তিনি এখানে থাকতেন!"

69 বাইবেল বলে, "তিনি কাল, আজ এবং অনন্ত কাল একই," একই, তাই তিনি এখানে আছেন। তিনি এখানে আছেন। পৃথিবী যেমন সভ্য হয়েছে, মহৎত্বর হয়েছে, এবং আরও শিক্ষিত হয়েছে, তিনি এখানে আত্মার রূপে আছেন, যাকে তারা হত্যা করতে পারে না বা মৃত্যু দিতে পারে না। তিনি একবার মারা যান; তিনি আর মারা যেতে পারেন না। তাকে দেহধারণ করতে হয়েছিল যাতে ঈশ্বরকে পাপের জন্য দেহে মৃত্যুদণ্ড দেওয়া হয়। কিন্তু এখন তিনি কখনও মারা যেতে পারেন না; এটা পবিত্র আত্মা।

70 এখন, কিভাবে ভাববেন যে তাদের কাছে তাঁর বিরুদ্ধে কিছু ছিল! আরেকটি বিষয়, তিনি তাদের কোন পদে যোগদান করবেন না। তাহলে, আপনারা দেখুন, এটি তবুও তাকে একজন খারাপ ব্যক্তি করে তুলেছে। তিনি তাদের—তাদের সংগঠনে যোগদান করবেন না, তাদের যাজকত্বে যোগদান করবেন না, আর এর সাথে তাঁর কিছুই করার ছিল না। আর তারপর, এই সমস্ত কিছুর পাশাপাশি, তারা যা তৈরি করেছিল তা তিনি ভেঙে ফেলার চেষ্টা করেছিলেন।

71 তিনি মন্দিরে গেলেন। আমরা তাকে বলে থাকি একজন নম্র মানুষ; তিনি ছিলেন, কিন্তু অনেক সময় আমরা ভুল বুঝি যে নম্রতা কি।

72 তিনি একজন সহানুভূতিশীল মানুষ ছিলেন, কিন্তু তবুও আমরা কখনও কখনও সমবেদনা কী তা বুঝতে ব্যর্থ হই। মানুষের সহানুভূতি নয়, সমবেদনা নয়। কিন্তু, *সমবেদনা* হল "ঈশ্বরের ইচ্ছা পালন করা।"

73 তিনি বৈথেস্‌দা পুষ্করিণী দিয়ে গেলেন, ফটক দিয়ে। সেখানে লোকেরা, তাদের অনেকে শুয়ে ছিল। অনেক কোন নির্দিষ্ট সংখ্যা নয়। কিন্তু সেখানে অনেক ভীড় জমা ছিল: খোঁড়া, অন্ধ, পঙ্গু, শুষ্কাঙ্গ। আর তিনি সর্বদা লোকদের প্রতি সহানুভূতিশীল ছিলেন। আর তিনি এমন এক ব্যক্তির কাছে গেলেন যিনি খোঁড়া, অন্ধ, পঙ্গু বা শুষ্কাঙ্গ ছিলেন না; হয়তো প্রস্টেটের সমস্যা ছিল, হয়তো তার কোন দুর্বলতা ছিল যা জন্য প্রতিবন্ধী ছিলেন। তার বয়স আটত্রিশ বছর ছিল। এটা তাকে বিরক্ত করবে না, তাকে হত্যা করবে না। তিনি একটি পাটাতনের উপর শুয়ে ছিলেন। আর তিনি বললেন, "তুমি কি সুস্থ হইতে চাও?"

74 আর লোকটি বললেন, "আমাকে জলে নামিয়ে দিবার জন্য আমার কাছে কেউ নেই, আমি যখন যাই, ঠিক তখন, কেউ আমার সামনে নেমে পড়ে।" দেখুন, তিনি হাঁটতে পারতেন, তিনি দেখতে পারতেন, তিনি ঘুরে আসতে পারতেন, কিন্তু তিনি দুর্বল ছিলেন।

75 আর যীশু তাকে বললেন, "ওঠো। তোমার খাট তুলে তোমার ঘরে যাও।" আর যীশুকে এই বিষয়ে প্রশ্ন করা হয়েছিল, আপনাদের মনে আছে শাস্ত্র এই কথা বলেছে।

76 আশ্চর্যের কিছু নেই! যদি তিনি আজ রাতে জেফারসনভিলে আসেন এবং এইরকম একটি কাজ করেন, তারা তবুও তাঁর সম্পর্কে কথা বলবেন।

77 কিন্তু, মনে রাখবেন, তিনি একটি কাজ করতে এসেছিলেন, তা ছিল ঈশ্বরের ইচ্ছা। এখন, এটি যোহন লিখিত সুসমাচার ৫:১৯ এ পাওয়া যায়, আপনি উত্তর পেয়ে যাবেন। তিনি বলেছেন, "সত্য, সত্য, আমি তোমাদিগকে বলিতেছি, পুত্র আপনা হইতে কিছুই করিতে পারেন না; কেবল পিতাকে যাহা করিতে দেখেন, তাহাই করেন।"

78 এখন, তাদের জানা উচিত ছিল যে এটিই মোশির ভবিষ্যদ্বাণীর প্রমাণ ছিল, "কারণ তোমাদের ঈশ্বর সদাপ্রভু আমার সদৃশ এক ভাববাদী উৎপন্ন করিবেন।"

79 আপনারা কি লক্ষ্য করেছেন, যখন তিনি লোকটিকে দেখেছিলেন, তিনি বলেছিলেন...যীশু জানতেন যে তিনি বহু বছর ধরে এই অবস্থায় ছিলেন। দেখুন, একজন ভাববাদী হয়ে, তিনি সেই ব্যক্তিকে সেই অবস্থায় দেখেছিলেন; আর সেখানে গিয়ে সেই—সেই লোকদের মধ্যে দিয়ে এঁকেবেঁকে তার পথে চলে গেলেন, ভিড়ের মধ্যে দিয়ে ঠেলেঠুলে, যতক্ষণ না তিনি সেই ব্যক্তিটিকে খুঁজে পান।

80 খোঁড়া, পঙ্গু, অন্ধ এবং শুষ্কাঙ্গদের পাশ দিয়ে যান, তবুও করুণাতে পূর্ণ একজন মানুষ। কিন্তু, *সমবেদনা* হল "ঈশ্বরের ইচ্ছা পালন করা।"

81 এখন, আমরা তাকে খুঁজে পাই, কারণ তিনি তাদের সঙ্গে যোগ দেবেন না, তাদের পদের সঙ্গে তাঁর কিছুই করার ছিল না, তাহলে তিনি একজন বহিষ্কৃত ব্যক্তি ছিলেন। তাঁর কোন কিছু ছিল না...

82 তা ছাড়া, তিনি একদিন মন্দিরে গেলেন। একজন মানুষ সেখানে গিয়েছিলেন এবং ঈশ্বরের গৃহকে আজকের মতো দূষিত দেখতে পান। তারা ক্রয় করছিল, বিক্রি করছিল, টাকা বদল করছিল। আর তিনি টাকার টেবিল উল্টে দিলেন; দড়ি নিয়ে, আর টাকা বদলকারীদের পিটিয়ে মন্দির থেকে বের করে দেন। আর তাদের দিকে রাগের চোখে তাকালেন, আর বললেন, "লিখিত আছে," হালেলুইয়া, "আমার পিতার গৃহ প্রার্থনার গৃহ; আর তোমরা এটিকে চোরের আস্তানা বানিয়েছ। আর তোমরা, তোমাদের পরম্পরাগত প্রথা সহ, ঈশ্বরের আজ্ঞাগুলিকে নিষ্ফল করিয়াছ।"

83 ওহ, এর মতো একটি দল কি কখনও তাঁকে বিশ্বাস করতে পারে ? না, মহাশয়। তারা তখনকার সমাজের নোংরা দ্বারা কর্দমাক্ত হয়ে পড়েছিল, যতক্ষণ না তারা এতটাই ধর্মযাজক দ্বারা স্থবির হয়ে পড়েছিল যে তারা সর্বশক্তিমান ঈশ্বরের শক্তির কম্পন অনুভব করতে

পারেনি। আশ্চর্যের কিছু নেই যে ছোট্ট মহিলাটি তাঁর পোশাক স্পর্শ করে এর দ্বারা সুস্থ হতে পারেন; আর একজন মাতাল সৈন্য তার মুখে থুথু ফেলে কোন সদ্‌গুণ অনুভব করতে পারে না! আপনি কিভাবে তাঁর কাছে যান সেটি এর উপর নির্ভর করে। আপনি কি খুঁজছেন তার উপর নির্ভর করে। আপনি যখন গির্জায় যান, এটা নির্ভর করে আপনি কি খুঁজছেন তার উপর।

84 এখন আমরা তাঁকে সেখানে দাঁড়িয়ে থাকতে দেখি। সন্দেহ নেই কিন্তু লোকেরা ইতিমধ্যে তাকে যা সতর্ক করেছিল, সতর্ক করেছিল...যাজক লোকদের সতর্ক করেছিলেন, "এখন তিনি আগামী বিশ্রামবারে এখানে আসছেন, এবং, যখন তিনি আসবেন, তোমরা তাঁর কথা শুনবে না। এখন, আপনারা এখানে গিয়ে বসতে পারেন, কিন্তু তিনি যা বলেন তাতে মনোযোগ দেবেন না, কারণ তিনি আমাদের দলের অন্তর্ভুক্ত নন। তিনি একজন বহিষ্কৃত। তার কাছে কোনো সহভাগিতার কার্ড নেই। এমনকি তার কাছে সংগঠনের কাগজও নেই। তার কাছে এমন কিছুই নেই।"

"তিনি কি?"

85 "কোন ধর্মত্যাগী ছেলে যে এখানে জন্মগ্রহণ করেছে, অবৈধ জন্ম, একজন কাঠমিস্ত্রির বাড়িতে, তাদের বিবাহের আগে একজন মা তাকে গর্ভধারণ করেছিল, আর তারা কিছু অতিপ্রাকৃত কথা বলে বিষয়টি লুকানোর চেষ্টা করছে।

86 "আমরা জানি যে, যখন মশীহ্ আসবেন, তিনি স্বর্গের বারান্দা দিয়ে নেমে আসবেন আর আমাদের মহাযাজকের কাছে গিয়ে বলবেন, 'এখানে আমি, কায়াফা।'" কিন্তু আমরা খুঁজে পাই যে তিনি এটা এভাবে করেননি, কারণ এটা বাক্যে এইভাবে লেখা হয়নি। এটি একটি মনুষ্যসৃষ্ট প্রথা ছিল যা তাদের বিশ্বাস করতে বাধ্য করেছিল।

87 বাক্য বলেছিল যে তিনি যেভাবে আসেন ঠিক সেভাবেই তিনি আসবেন। আর তিনি সেখানে দাঁড়িয়ে বাক্য পাঠ করলেন, এবং তাদের বললেন, "অদ্যই এই শাস্ত্রীয় বচন তোমাদের কর্ণগোচরে পূর্ণ হইল।" আর তবুও তারা তাকে দেখতে অথবা চিনতে ব্যর্থ হয়, যেমন তারা অন্য সব যুগে করেছিল।

88 নোহ্ একই কথা বলতে পারতেন, যেদিন তিনি জাহাজে প্রবেশ করেন এবং দরজা বন্ধ হয়ে যায়। মোশি সেই জানালাটিকে সিন্দুকের শীর্ষে তুলতে পারতেন, মণ্ডলীর দিকে তাকাতে পারতেন...মনে রাখবেন, ঈশ্বর দরজা বন্ধ করে দিয়েছেন। আর তিনি বলতে

পারতেন, "অদ্যই এই শাস্ত্রীয় বচন তোমাদের কর্ণগোচরে পূর্ণ হইল," কিন্তু তখন তাদের জন্য অনেক দেরি হয়ে গিয়েছিল। তিনি একশ কুড়ি বছর প্রচার করেছিলেন, তাদের সেই নৌকায় নিয়ে আসার জন্য, যা তিনি তৈরি করেছিলেন, তাদের এই বলে যে শাস্ত্র বলে, "**সদাপ্রভু এই কথা কহেন**, বৃষ্টি হইবে," কিন্তু তারা খুব দীর্ঘ অপেক্ষা করেছিল। কিন্তু নোহ সহজেই বলতে পারতেন যে, "আজ, এই দিন, শাস্ত্র পূর্ণ হয়েছে।"

89 মোশি, যেদিন আগুনের স্তম্ভ সীনয় পর্বতে নেমে এসেছিল এবং তার সাক্ষ্যের জন্য সাক্ষ্য প্রদান করে, মোশি বলতে পারতেন, "আজ এই শাস্ত্র পূর্ণ হয়েছে।"

90 মোশি, আপনারা জানেন, ঈশ্বরের একজন আহূত ব্যক্তি ছিলেন, একজন ভাববাদী। আর যখন তাকে আহ্বান করা হয়েছিল, একজন ভাববাদী হওয়ার জন্য, তার একটি অতিপ্রাকৃত অভিজ্ঞতা থাকতে হতো। একজন ভাববাদী হওয়ার জন্য, তাকে ঈশ্বরের সঙ্গে সামনাসামনি দেখা করতে হয়েছিল এবং তার সঙ্গে কথোপকথন করতে হয়েছিল। আর আরেকটি বিষয়, তিনি যা বলেছিলেন তা বাস্তবে ঘটতে হতো, নতুবা কেউ তাকে বিশ্বাস করতো না।

91 তাই নিজেকে এভাবে বলার অধিকার কোন মানুষের নেই যতক্ষণ না তিনি ঈশ্বরের সঙ্গে সামনাসামনি কথা বলেন, মরুভূমির পিছনে কোথাও, যেখানে তিনি স্বয়ং ঈশ্বরের সঙ্গে দেখা করেন। আর পৃথিবীর সমস্ত নাস্তিক এটি হরণ করার জন্য এটি ব্যাখ্যা করতে পারেনি; তিনি সেখানে ছিলেন, তিনি জানতেন এটা ঘটেছে। খ্রিস্টান হওয়ার বিষয়ে কিছু বলার আগে, প্রতিটি খ্রিস্টান ব্যক্তির সেই অভিজ্ঞতা থাকা উচিত। আপনার নিজের অভিজ্ঞতা!

92 আমি আমার ভাগ্নের সাথে কথা বলেছিলাম, কিছুক্ষণ আগে, একজন ক্যাথলিক ছেলে, তিনি বলছিলেন, "কাকা বিল, আমি সব জায়গায় দৌড়েছি, সর্বত্র গিয়েছি, কিছু খুঁজে বের করার চেষ্টা করেছি।" রাতের পর রাত, এই সভা শুরু হওয়ার আগে, তিনি কাঁদছিলেন। আর রাতের বেলায়, তিনি স্বপ্ন দেখছিলেন যে তিনি বেদীর কাছে ছুটে আসবেন, যেখানে প্রচার করা হয়েছিল, এবং একটি স্বীকারোক্তি করছেন যে তিনি ভুল করেছেন।

93 আমি বললাম, "মেলভিন, আপনি যেখানেই যাওয়ার চেষ্টা করুন না কেন, আপনি কতগুলো মণ্ডলীতে যোগদান করেন, কতগুলি 'হেইল মেরি,' আপনি বলেন, অথবা আপনি মানুষের কাছ থেকে যতো আশীর্বাদ গ্রহণ করেন, আপনাকে ঈশ্বরের আত্মায়

নতুন করে জন্ম নিতে হবে। এটি একমাত্র বিষয় যা মানুষের হৃদয়কে সন্তুষ্ট করবে।”

94 সেটা, আমি জানি তাদের একটি বিকল্প রয়েছে, আজ, নতুন করে জন্ম নেওয়ার একটি বিকল্প, শুধু প্রচারকের সঙ্গে করমর্দন করুন এবং বইটিতে আপনার নাম লিখুন। কিন্তু, বন্ধুরা, এটা একটি ধর্মীয় মতবাদ। এটা বাইবেলের সত্য নয়। যদি তা হয়, প্রেরিতদের কার্য্য, ২য় অধ্যায়ে, এইভাবে পাঠ করতে হতো, “যখন পঞ্চাশত্তমীর দিন সম্পূর্ণরূপে উপস্থিত হয়েছিল, তখন পালক বাইরে বেরিয়ে লোকদের সঙ্গে করমর্দন করলেন।”

95 কিন্তু বললেন, “যখন পঞ্চাশত্তমীর দিন উপস্থিত হইল,” মণ্ডলীর প্রারম্ভে, “আর হঠাৎ আকাশ হইতে প্রচণ্ড বায়ুর বেগের শব্দবৎ একটা শব্দ আসিল, এবং যে গৃহে তাঁহারা বসিয়াছিলেন, সেই গৃহের সর্ব্বত্র ব্যাপ্ত হইল।” এভাবেই পবিত্র আত্মা প্রথমবার আসেন। সেই সময় থেকে প্রতিবারই এভাবেই এসেছেন। তিনি ঈশ্বর, এবং পরিবর্তন হন না। এখন, এখানে মানুষ হোঁচট খায়।

তারা বলে, “সেটা অন্য দিনের জন্য ছিল।”

96 ঠিক আছে, তিনি কাল, আজ এবং অনন্ত কাল একই। প্রতিবার যখন মণ্ডলী পবিত্র আত্মা প্রাপ্ত হয়, এটা সর্বদা যেমন তিনি প্রথমবার করেছিলেন সেভাবে এসেছে, একই অধ্যাদেশের অধীনে, প্রেরিত ২:৩৮; কখনও পরিবর্তন হয়নি, কখনও পরিবর্তন হবে না।

97 যেমন একটি রোগের জন্য ডাক্তারের অধ্যাদেশ। তিনি একটি রোগের জন্য একটি অধ্যাদেশ লিখেন, ডাক্তার তা করেন। আর এটাকে কোন হাতুড়ে ডাক্তারের কাছে নিয়ে যান, আর সে এতে খুব বেশি প্রতিষেধক লিখে দিবেন, এটি এত দুর্বল যে এটি আপনার কোন উপকার করবে না; যদি সে এতে খুব বেশি বিষ লিখে দেয়, তবে এটি আপনাকে মেরে ফেলবে। এটা ডাক্তারের মত অনুসারে লিখতে হবে।

98 আর কিভাবে পবিত্র আত্মা গ্রহণ করতে হয় তার ডাক্তারের অধ্যাদেশ পঞ্চাশত্তমীর দিনে ডাক্তার শিমোন পিতর আমাদেরকে দিয়েছেন। “আমি আপনাদের একটি অধ্যাদেশ প্রদান করবো। মন ফিরাও, তোমরা প্রত্যেকে পাপমোচনের নিমিত্ত যীশু খ্রীষ্টের নামে বাপ্তাইজিত হও, তাহা হইলে পবিত্র আত্মারূপ দান প্রাপ্ত হইবে। কারণ এই অধ্যাদেশ তোমাদের জন্য ও তোমাদের সন্তানগণের জন্য এবং দূরবর্ত্তী সকলের জন্য যত লোককে আমাদের ঈশ্বর প্রভু ডাকিয়া আনিবেন।” চিরন্তন অধ্যাদেশ!

99 মোশির এই অভিজ্ঞতা হয়েছিল। তিনি দেশে গেলেন এবং লোকদের বলতে শুরু করলেন, "আমি আগুনের স্তম্ভের সাথে দেখা করেছি। এটি একটি জ্বলন্ত ঝোপের মধ্যে ছিল। আর তিনি আমাকে বলেছেন আপনাদের বলার জন্য, 'আমি যিনি আছি সেই আমি। সেখানে যাও; আমি তোমার সঙ্গে থাকব। তোমার হাতে লাঠিটি নিয়ে এটি মিশরের উপরে ধরো; তুমি যা কিছু প্রার্থনা করবে, তা করা হবে।'"

ঠিক আছে, সম্ভবত কোন যাজক বলেছেন, "বাজে কথা!"

100 কিন্তু যখন তারা এর প্রকৃত ঘটনা দেখতে পেল, বাস্তবায়িত হল, তারা এটি আর ধরে রাখতে পারেনি। তারা জানত যে তাকে ঈশ্বরের কাছ থেকে পাঠানো হয়েছে।

101 তারপর, যদি মোশি বলেন তিনি তা দেখেছেন, এবং এটি সত্য বলে সাক্ষ্য দেন, তাহলে ঈশ্বর বাধ্য, যদি সেটি সত্য হয়, সেই ব্যক্তির বাক্য, সত্যকে চিহ্নিত করতে এবং প্রমাণ করার জন্য। যে সেটি সত্য।

102 যদি যীশু খ্রীষ্ট সেখানে দাঁড়িয়ে পড়েন, সেই সময়ে, "অদ্যই এই বাক্য তোমাদের সম্মুখে পূর্ণ হইল," ঈশ্বর সেই বাক্যকে বাস্তবায়িত করতে বাধ্য।

103 আমরা আজ রাতে এখানে দাঁড়িয়ে বলি, যে, "যীশু খ্রীষ্ট কাল, আজ এবং অনন্ত কাল একই।" ঈশ্বর এটা প্রমাণ করতে বাধ্য, কারণ এটা তাঁর বাক্য। এখন, এটা কি করে? সেটি করার জন্য বিশ্বাস লাগে, এটা বিশ্বাস করার জন্য। বিশ্বাস লাগে, তাঁর বাক্য বিশ্বাস করার মাধ্যমে, যে এটি সত্য।

104 লক্ষ্য করুন কি ঘটেছিল যখন মোশি সন্তানদের এবং যারা তাকে অনুসরণ করেছিল তাদের বাইরে নিয়ে এসেছিলেন। যারা অনুসরণ করেনি তারা মিশরে থেকে যায়। কিন্তু যারা মোশিকে অনুসরণ করেছিল, যখন তারা লোহিত সাগর থেকে বেরিয়ে আসে এবং প্রান্তরে চলে আসে, তখন ঈশ্বর সীনয় পর্বতে নেমে আসেন। সেই আগুনের স্তম্ভটি পুরো পর্বতকে আগুন দ্বারা বেষ্টিত করে ফেলে, আর সেখান থেকে একটি রব বেরিয়ে আসে, আর ঈশ্বর দশটি আজ্ঞা প্রদান করেন।

105 মোশি লোকদের সামনে সেখানে গিয়ে বলতে পারতেন, "আমি তোমাদেরকে যে বাক্য বলেছি, তাঁহার ভাববাদীরূপে, আজ পূর্ণ হইয়াছে। আমি তোমাদের বলেছি যে ঈশ্বর আমার সাথে দেখা করেছিলেন, সেখানে একটি জ্বলন্ত ঝোপের মধ্যে, আগুনের স্তম্ভে, আর তিনি বললেন, 'আমি...এটা একটি চিহ্ন হবে। তুমি সেই

লোকদের আবার এই স্থানে ফিরিয়ে আনবে।' আর সেখানে ঈশ্বর আছেন, সেই একই আগুনের স্তম্ভে, আমি তোমাদের বলেছিলাম তিনি সেখানে ছিলেন, পাহাড়ের ঠিক উপরে। অদ্য এই ভবিষ্যদ্বাণী পূর্ণ হইল। এখানে তিনি প্রমাণ করতে এসেছেন যে আমি যা বলেছি তা সত্য।"

106 ঈশ্বর আমাদের এইরকম আরও পুরুষদের দিন, যারা সৎ এবং আন্তরিক, এবং সত্য কথা বলতে পারেন, যাতে সর্বশক্তিমান ঈশ্বর প্রমাণ করতে পারেন যে তাঁর বাক্য এখনও সত্য! তিনি গতকাল এবং সর্বদা একই আছেন। কেন তিনি এটা করবেন না? তিনি এটা করার প্রতিশ্রুতি দিয়েছিলেন।

107 যিহোশূয় হয়তো একই কথা বলেছিলেন, যেদিন তিনি কাদেশ-বর্ণেয়তে ফিরে আসেন, যেখানে তারা প্রান্তরে এতদূর ভ্রমণ করেছিল। তারা সন্দেহ করছিল যে ভূমিটি সেই ধরণের ভূমি কিনা যা ঈশ্বর বলেছিলেন যে এটি হবে। কিন্তু ঈশ্বর তাদের বলেছিলেন যে এটি একটি উত্তম দেশ, সেখানে দুধ এবং মধু প্রবাহিত হয়। আর যিহোশূয় এবং কালেব শুধুমাত্র দুজন ছিলেন যারা এটি বিশ্বাস করেছিলেন, বাকি দশজনের মধ্যে। যখন তারা ফিরে আসেন, তাদের কাছে প্রমাণ ছিল; তাদের কাছে একগুচ্ছ আঙ্গুর ছিল যা কেবল দুজন শক্তিশালী লোক বহন করতে পারে।

108 যিহোশূয় এবং কালেব ঠিক সেখানে দাঁড়িয়ে বলতে পারতেন, "আজ এই শাস্ত্রীয় বাক্য পূর্ণ হইল। এখানে প্রমাণ রয়েছে যে এটি একটি উত্তম দেশ।" নিশ্চিত। কেন? "সেখানে প্রমাণ ছিল যে এটি একটি উত্তম ভূমি। আপনি মিশরে এই ধরনের জিনিস কোথায় পাবেন? সেখানে এমন কোন স্থান ছিল না। কিন্তু আজ এই শাস্ত্র পূর্ণ হয়েছে।"

109 তিনি একই কথা বলতে পারতেন, যখন তিনি ভবিষ্যদ্বাণী করেছিলেন আর বলেছিলেন যে যিরীহোর দেয়াল পড়ে যাবে যখন তারা দিনে সাতবার, সাত দিন, সাতবার প্রদক্ষিণ করবে। আর যখন তারা শেষবারের মতো প্রদক্ষিণ করেন, দেয়াল পড়ে যায়। যিহোশূয় উঠে দাঁড়িয়ে বলতে পারতেন, "আজ, প্রভুর প্রধান অধিনায়ক যিনি আমাকে কয়েক সপ্তাহ আগে বলেছিলেন যে এটা এইরকম হতে চলেছে, আজ এই শাস্ত্রীয় বচন পূর্ণ হয়েছে।" সেখানে দেওয়াল, মাটিতে সমতল হয়ে পড়ে রয়েছে। "চলো, আমরা এটা নিয়ে নিই। এটা আমাদের জন্য। আজ এই শাস্ত্রীয় বচন পূর্ণ হয়েছে।"

110 কত চমৎকার, ঈশ্বরের লোকেরা সঠিক বিষয়গুলির পক্ষে

দাঁড়িয়েছেন!

111 ইস্রায়েল, নদীর ধারে, যখন তারা দেশটি অধিকার করেছিল, এগিয়ে যায়। কিভাবে তারা এটা করতে যাচ্ছে? এটি এপ্রিল মাস। বন্যা নেমে আসছে কারণ তুষার গলে যাচ্ছে, যিহূদিয়াতে। ওহ, কি একজন মূর্খ সেনানায়ক দেখে মনে হয়েছিল যেমন ঈশ্বর ছিলেন, তাঁর লোকদের সেখানে নিয়ে আসার জন্য, এপ্রিল মাসে, যখন যর্দ্দন নদী আগের চেয়ে অনেক উপর দিয়ে বয়ে যাচ্ছিল। কখনও কখনও...

112 আমি এখানে থামতে পারি, যদি আমার কাছে সময় থাকে, আপনাদের একটি ছোট্ট পরামর্শ দেওয়ার জন্য। কখনও কখনও আপনি ক্যান্সারে আক্রান্ত হতে পারেন, অথবা আপনি একটি রোগে আক্রান্ত হতে পারেন; আপনি মনে করেন, "কেন, আমি, একজন খ্রিস্টান হয়ে, আমার সঙ্গে এইভাবে হবে? কেন আমি এভাবে বসে থাকব, যদি আমি একজন খ্রিস্টান হই?" কখনও কখনও ঈশ্বর বিষয়গুলি এত অন্ধকার হতে দেন যে আপনি উপরে, আশেপাশে বা অন্য কোথাও দেখতে পান না, আর তারপর তিনি এসে আপনার জন্য এর মধ্য দিয়ে একটি পথ তৈরি করেন, যেন আপনারা বলতে পারেন, "অদ্যই এই শাস্ত্রীয় বচন পূর্ণ হচ্ছে, যা তিনি করবার প্রতিজ্ঞা করেছিলেন।"

113 তিনি ইব্রীয় শিশুদের ঠিক আগুনের চুল্লিতে যেতে দিয়েছিলেন। তারা বলেছিল, "আমাদের ঈশ্বর এই চুল্লির আগুন থেকে আমাদের উদ্ধার করতে সক্ষম। কিন্তু, তা সত্ত্বেও, আমরা আপনার মূর্তির কাছে মাথা নত করব না।" যখন তারা সেখান থেকে বেরিয়ে আসে, তখন তাদের গায়ে চুল্লির গন্ধ...চুল্লির গন্ধ ছিল না, বরং, তাদের উপরে; তারা বলতে পারত, "অদ্যই এই শাস্ত্রীয় বচন পূর্ণ হইল।"

114 দানিয়েল যখন সিংহের গর্ত থেকে বেরিয়ে আসেন, তখন তিনিও একই কথা বলতে পারতেন।

115 যোহন বাপ্তাইজক। চারশো বছর ধর্মযাজকীয় শিক্ষার পর, আশ্চর্যের কিছু নেই যে সেই সময়ে মণ্ডলী একটি বিশৃঙ্খলার মধ্যে ছিল! যখন তিনি প্রান্তরে দেখা দিয়েছিলেন, যর্দ্দন নদীর তীরে, তিনি ঠিক সেখানে দাঁড়িয়ে থাকতে পারতেন, যেমন তিনি করেছিলেন, আর বলতে পারতেন, "অদ্যই এই শাস্ত্রীয় বচন, যিশাইয় ৪০, পূর্ণ হইল।"

116 আমি এখানে থামতে পারি এবং সেই বৃদ্ধ যাজক আমাকে যা বলেছিলেন তা আপনাদের বলতে পারি! বললেন, "পুত্র, তুমি

কখনই সেই বার্তা শেষ করোনি।"

আমি বললাম, "স্থির থাকুন।"

তিনি বললেন, "আপনি বলতে চাচ্ছেন যে পেন্টিকোস্টালরা এটা দেখেন না ?"

আমি বললাম, "না।"

117 তিনি বললেন, "আমি এটা দেখতে পাচ্ছি।" আর একজন ক্যাথলিক যাজকও ! আহ্-হাহ্। তিনি বললেন, "তুমি কেন এগিয়ে যাওনি ?"

আমি বললাম, "স্থির থাকুন।"

তিনি বললেন, "ঈশ্বরের মহিমা ! আমি এটা দেখতে পাচ্ছি।"

118 আর সেই সময়ে পবিত্র আত্মা তার বোনের উপর নেমে আসেন, সেখানে সভাতে বসেছিলেন। আর তিনি উঠে দাঁড়ালেন, অন্য ভাষায় কথা বললেন, আর আমি এবং সেই যাজক যে বিষয়ে কথা বলছিলাম, মঞ্চে, তার ব্যাখ্যা দিলেন। পুরো মণ্ডলী, পুরো স্থান জুড়ে, গর্জে উঠল। গত সপ্তাহে, অথবা গত সপ্তাহে ওরাল রবার্টের সম্মেলনে যোগদান করা হয়েছিল, এবং সম্মেলনের আলোচনা ছিল। কিভাবে সেই যাজক...পবিত্র আত্মার অধীনে বসে, সেখানে একজন মহিলার মাধ্যমে প্রকাশিত হয়েছিল, তার বোন আমি বিশ্বাস করি, এটি তিনি ছিলেন, সেখানে প্ল্যাটফর্মে কি ঘটছিল, আর সেই জিনিসটি প্রকাশ করেন যা আমরা লুকিয়ে রেখেছিলাম।

119 আমরা যে সময়ে বাস করছি, আজ এই শাস্ত্রীয় বচন পূর্ণ হয়েছে। আজ সন্ধ্যার আলো এসেছে, আর আমরা এটি দেখতে ব্যর্থ হই। লক্ষ্য করুন।

120 যোহন বলেছেন, "আজ আমি 'প্রান্তরে ক্রন্দনকারীর রব,' যেমন ভাববাদী যিশাইয় বলেছেন, 'প্রভুর জন্য পথ প্রস্তুত কর।'"

121 তারা এটা বুঝতে পারেনি। বলুন, "ওহ্, আপনি যীশু... আপনি—আপনিই খ্রীষ্ট," বরং।

122 তিনি বলেছিলেন, "আমি খ্রীষ্ট নই।" তিনি বলেছিলেন, "আমি তাঁর জুতা খুলে দেওয়ার যোগ্য নই। কিন্তু," তিনি বললেন, "তিনি আপনাদের মধ্যে কোথাও দাঁড়িয়ে আছেন," কারণ তিনি নিশ্চিত ছিলেন যে তিনি সেখানে থাকবেন। তিনি তার সময়ে থাকবেন, কারণ ঈশ্বর তাকে বলেছিলেন যে তিনি মশীহের পরিচয় করিয়ে দেবেন।

123 একদিন এক যুবক সেখান দিয়ে হেঁটে যাচ্ছিল, আর তিনি তাঁর উপরে একটি দীপ্তির মতো দেখতে পেলেন, একটি চিহ্ন। আর তিনি চিৎকার করে বললেন, "দেখো, ঈশ্বরের মেষশাবক! আজ এই শাস্ত্রীয় বচন তোমাদের সম্মুখে পূর্ণ হইল।" নিশ্চিতভাবে।

124 পেন্টিকোস্টের দিনে, যেভাবে পিতর উঠে দাঁড়িয়েছিলেন এবং তাদের শাস্ত্র উদ্ধৃত করেছিলেন, যোয়েল ২:৩৮। যখন, তারা সবাই হাসছিল, সেই লোকেরা। তারা নিজেদের ভাষায় কথা বলতে পারত না। তারা দ্রুত অস্ফুষ্ট অন্য কিছু কথা বলছিল। বাইবেল বলেছে, "বিভাজিত জিহ্বা।" *ক্লোভেন* হল একটি "বিভাজিত" জিহ্বা, কিছু বলে না, শুধু দ্রুত অস্ফুষ্ট কথা বলা। একদল মাতাল মানুষের মতো ছুটে বেড়ানো!

125 তারা সবাই বলেছিল, "ঠিক আছে, এই লোকেরা মাতাল। তাদের দিকে দেখুন, দেখুন তারা কেমন আচরণ করছে, নারী ও পুরুষরা। তারা উৎশৃঙ্খল," সেদিনের সেই ধর্মীয় দলটি বলেছিল।

126 পিতর তাদের মাঝখানে দাঁড়িয়ে বললেন, "হে ভ্রাতৃগণ, তোমরা যারা যিরূশালেমে বসবাসকারী এবং তোমরা যারা যিহূদিয়াতে বসবাসকারী, তোমরা জ্ঞাত হও যে ইহারা মাতাল নহে, যেমন আপনারা মনে করেন, দিনের তৃতীয় প্রহর হইয়াছে। কিন্তু ভাববাদী যোয়েলের দ্বারা এই কথা বলা হয়েছিল, 'শেষ কালে আমি মর্ত্ত্যমাত্রের উপরে আপন আত্মা সেচন করিব।' অদ্যই এই শাস্ত্রীয় বচন পূর্ণ হইল।" অবশ্যই।

127 লুথার সঠিক সময়ে ছিলেন। ওয়েসলি সঠিক সময়ে ছিলেন। পেন্টিকোস্ট সঠিক সময়ে ছিল। শৃঙ্খলার বাইরে কিছুই ছিল না।

128 এখন আমি আপনাকে আজকের জন্য প্রতিশ্রুত বাক্যের সাথে, আমরা এখন যে যুগ এবং সময়ে বাস করছি তা বিবেচনা করতে বলছি। যদি অন্য যুগে, পুরুষরা বলতে পারে, "অদ্যই এই শাস্ত্রীয় বচন," "অদ্যই এই শাস্ত্রীয় বচন," তাহলে আজকের জন্য শাস্ত্রীয় বচন সম্পর্কে কি? এই সময়ের জন্য কি প্রতিশ্রুতি দেওয়া হয়েছে? আমরা কোথায় দাঁড়িয়ে আছি? আমরা কোন সময়ে বাস করছি, যখন ঘড়ির কাঁটা বাজছে, বৈজ্ঞানিক ঘড়ি, মধ্যরাতের থেকে তিন মিনিট বাকি রয়েছে? বিশ্ব ধাক্কা খেয়েছে। গির্জা দুর্নীতির বিছানায় রয়েছে। তারা কোথায় দাঁড়িয়ে আছে কেউ জানে না। এটা দিনের কোন সময়? এই দিনের জন্য শাস্ত্র কি বলে? মণ্ডলীর অবস্থা, অথবা, আজ মণ্ডলীর অবস্থার বিষয়ে!

129 বিশ্বে, রাজনীতি, আমাদের বিশ্বব্যবস্থা, যতটা পচে যাওয়া সম্ভব

ঠিক ততটা পচে গেছে। আমি একজন রাজনীতিবিদ নই। আমি একজন খ্রিস্টান। রাজনীতি নিয়ে আমার কোন কাজ নেই, কিন্তু আমি শুধু বলতে চাই তারা উভয় দিকে পচে গেছে।

130 আমি একবার ভোট দিয়েছি, সেটা খ্রীষ্টের জন্য ছিল; আমাকে জিততে হবে। শয়তান আমার বিরুদ্ধে ভোট দিয়েছে, আর খ্রীষ্ট আমাকে ভোট দিয়েছেন; আমি কোথায় ভোট দিব তার উপর নির্ভর করে। আমি আনন্দিত যে আমি এটা তাঁর উপর দিয়েছি; বিশ্বকে যা খুশি বলতে দিন। আমি এখনও বিশ্বাস করি যে তিনি কাল, আজ এবং অনন্ত কাল একই। তিনি এটা প্রমাণ করবেন। তিনি অবশ্যই করবেন। অবশ্যই।

অপরাধ বৃদ্ধি, কিশোর অপরাধ!

131 আমাদের জাতির দিকে দেখুন, একসময় পৃথিবীর পুষ্প ছিল, আমাদের বিশাল গণতন্ত্র সেখানে গঠিত হয়েছিল—সেখানে... স্বাধীনতার ঘোষণার সময়, এবং স্বাধীনতার ঘোষণা স্বাক্ষরিত হয়েছিল, আর আমাদের একটি গণতন্ত্র ছিল, আর আমাদের পূর্বপুরুষরা, তারা যা করেছিলেন, আমাদের একটি উত্তম জাতি ছিল।

132 কিন্তু সে এখন পচে যাচ্ছে, ভেঙে যাচ্ছে, আর কাঁপছে, আর বিলীন হয়ে যাচ্ছে। আর লোকদের কাছ থেকে কর নেওয়ার চেষ্টা করছেন, অর্থ সংগ্রহ করার জন্য যাতে অপর দিকে দেওয়া যায়, তাদের শত্রুদের সঙ্গে বন্ধুত্ব কেনার জন্য; তারা এটা আমাদের মুখে ফিরিয়ে দিচ্ছে। একটি বিশ্বযুদ্ধ, দুটি বিশ্বযুদ্ধ, তবুও একটি তৃতীয় বিশ্বযুদ্ধের দিকে এগিয়ে চলছে। অবশ্যই। রাজনীতি পচে গেছে, কলুষিত, তলানি পর্যন্ত পচে গেছে। ঠিক যেমন মথি লিখিত সুসমাচার ২৪ বলে যে হবে, "জাতি জাতির বিরুদ্ধে, রাজ্য রাজ্যের বিরুদ্ধে।" এই সব বিষয় ঘটবে। এখন এটা বিবেচনা করা যাক। ঠিক আছে।

133 আরেকটি বিষয় লক্ষ্য করুন, বৈজ্ঞানিক গবেষণা বৃদ্ধি। এখন, এক সময়, শুধু একজন...আমার পিতামহ আমার ঠাকুরমাকে দেখতে গিয়েছিলেন, একটি গরুর গাড়িতে করে। এখন এটি একটি জেট প্লেন, অথবা এমনকি একটি কক্ষপথ বাতাসে, মহাকাশে। এটা বিশাল...কিভাবে, কে এটা বলেছেন? দানিয়েল ১২:৪, বলে, "শেষ কালে জ্ঞান বৃদ্ধি পাইবে।" আমরা যে সময়টিতে বাস করছি তা আমরা দেখি। এখন লক্ষ্য করুন পৃথিবীর—পৃথিবীর অবস্থা, বিজ্ঞানের অবস্থা।

134 আর আবার লক্ষ্য করুন, আজ, আমাদের শিক্ষা ব্যবস্থায়। এখন এটা অস্বীকার করার চেষ্টা করবেন না। আমার কাছে সংবাদপত্রের টুকরো রয়েছে, আমাদের মণ্ডলীতে যৌনতা শেখানো-...আমাদের বিদ্যালয়ে শেখানো হয়, অল্পবয়সী ছাত্রদের একে অপরের সাথে যৌন সম্পর্ক স্থাপন করার জন্য, তারা পৃথিবীতে সঙ্গম করতে পারে কিনা তা দেখার জন্য। হ্যাঁ, মহাশয়।

135 আমাদের যাজকত্বের বিষয়ে কি? আজ রাতে আমি কাগজ থেকে একটি টুকরো নিয়ে এসেছি। লস অ্যাঞ্জেলেস, ক্যালিফোর্নিয়ায়, যেখানে একদল যাজক, ব্যাপটিস্ট এবং প্রেসবিট্যারিয়ান, সেবক, একদল সমকামীকে নিয়ে এসে সমকামী অনুশীলন করেছেন, এই বলে যে তারা তাদের ঈশ্বরের জন্য জয় করার চেষ্টা করছেন। যখন, সেটি এই সময়ের অভিশাপের মধ্যে একটি, একজন সদোমীয়! এমনকি আইন তাদের গ্রেপ্তার করেছিল।

136 এখন আমরা কোথায় আছি? আমাদের পুরো ব্যবস্থা আমাদের অধীনে থেকে পচে গেছে। আমি দেখেছি যে মার্কিন যুক্তরাষ্ট্র জুড়ে সমকামীদের বৃদ্ধি গত বছরের তুলনায় কুড়ি বা ত্রিশ শতাংশ বেড়েছে। সেটা ভাবুন, পুরুষ পুরুষের সঙ্গে বসবাস করে, ঠিক যেমন তারা সদোমে করেছিল।

137 অপরাধ বৃদ্ধি, কিশোর অপরাধ! আমরা কোন সময়ে বাস করছি? আজ এই ভবিষ্যদ্বাণীর বাক্য পূর্ণ হয়েছে।

138 ধর্মীয় জগৎ, মণ্ডলী স্বয়ং, মণ্ডলী, বাইরে আহ্বান করা মণ্ডলী, যাকে আমরা বলি বাইরে-আহূত মণ্ডলী, শেষ মণ্ডলীর যুগ, পেন্টিকোস্টাল মণ্ডলীর যুগ, এটা কোথায়? এটা লায়দিকেয়ায়, যেমন শাস্ত্র বলে।

139 আজ তারা সকল নিষেধ ভেঙে দিয়েছে। তাদের মহিলারা অর্ধেক পোশাক পরিহিত। তাদের পুরুষরা...এটি একটি ভয়ঙ্কর বিষয়। তাদের ডিকন বোর্ডে কেউ কেউ তিন বা চারবার বিয়ে করেছে, ইত্যাদি। তারা হতাশ করেছে, এবং দুর্নীতি নিয়ে এসেছে, কারণ তারা পরিষদে বসেছে এবং বিশ্বের সাথে স্থান করে নিয়েছে।

140 আর, আজ, তারা আরও ভালো ভবন বানিয়েছে, যা তাদের আগে ছিল। কিছু জায়গায়, তাদের মধ্যে একটি পঞ্চাশ মিলিয়ন ডলারের একটি অডিটোরিয়াম তৈরি করছে, পঞ্চাশ মিলিয়ন ডলার। পেন্টিকোস্টালরা! এটি একটি কোণে ছিল, পঁচিশ বছর আগে, একটি খঞ্জনি বাজানো হত। বলেছিল, "আমরা..."

141 কারণ, শাস্ত্র বলেছে, প্রকাশিত বাক্য ৩, আপনি "'ধনবান্,' বলেন, 'আমি ধনবান্। আমি রানী হয়ে বসে আছি। আমার কিছুই প্রয়োজন নেই।' আর তুমি জানো না যে তুমিই দুর্ভাগ্য, কৃপাপাত্র, দরিদ্র, অন্ধ ও উলঙ্গ!"

142 আজ এই শাস্ত্রীয় বচন আপনাদের দৃষ্টিতে পূর্ণ হয়েছে। আমেন! *আমেন* মানে "তাহাই হোক।" আমি নিজেকে আমেন বলছি না, কিন্তু আমি বলতে চাচ্ছি যে আমি বিশ্বাস করি এটা সত্য। আজ এই শাস্ত্রীয় বচন পূর্ণ হয়েছে।

143 পেন্টিকোস্টাল মণ্ডলী লায়দিকেয়াস্থ অবস্থায় রয়েছে। ওহ, যখন সঙ্গীত বাজে তখন তারা লাফিয়ে ওঠে আর চিৎকার করে, আর এভাবেই করতে থাকে। যখন সঙ্গীত বাজানো বন্ধ হয়ে যায়, অথবা সেই তালের সঙ্গীত, তাদের মধ্যে কেউ সেটি বাজায় এবং এটিকে খ্রিস্টীয় বলে, আর যখনই সেটা বন্ধ হয়ে যায়, সমস্ত গৌরব চলে যায়। হ্যাঁ।

144 যদি এটি ঈশ্বরের প্রকৃত প্রশংসা হতো, তাহলে পৃথিবীতে পর্যাপ্ত বাঁশি নেই এবং পর্যাপ্ত—পর্যাপ্ত শক্তি নেই এটি বন্ধ করার জন্য। যখন এটি সত্যিই ঈশ্বরের কাছ থেকে আসে, তখন প্রহার করার জন্য সঙ্গীত লাগে না। এটির উপর ঈশ্বরের আত্মা নেমে আসে। সেটাই এটা করে থাকে।

145 আর তারা এটা ভুলে গেছে, কারণ তারা পবিত্র আত্মার দানকে শ্রেণিবদ্ধ করেছে, "প্রাথমিক প্রমাণ, অন্য ভাষায় কথা বলা।" আর আমি শয়তান এবং ডাইনিদের অন্য ভাষায় কথা বলতে শুনেছি।

146 পবিত্র আত্মা হল আপনার মধ্যে ঈশ্বরের বাক্য, যা সেই বাক্যকে গ্রহণ করার মাধ্যমে নিজেকে চিহ্নিত করে। এর বাইরে, এটি পবিত্র আত্মা হতে পারে না। যদি এটি বলে যে এটি পবিত্র আত্মা, এবং বাইবেলের একটি বাক্য অস্বীকার করে, তবে এটি পবিত্র আত্মা হতে পারে না। আপনি বিশ্বাস করুন বা না করুন এটাই প্রমাণ।

147 আরেকটি মহান চিহ্ন লক্ষ্য করুন। ইহুদিরা তাদের স্বদেশে রয়েছে; তাদের নিজস্ব জাতি, তাদের নিজস্ব অর্থ, জাতিসংঘের সদস্য। তাদের নিজস্ব সেনাবাহিনী তৈরী করেছে। তারা সবকিছু পেয়েছে। তারা তাদের জন্মভূমিতে চলে এসেছে; যার বিষয়ে, যীশু বলেছেন, "ডুমুর গাছের দৃষ্টান্ত শিখুন।" তারা সেখানে চলে এসেছে, ঠিক তাদের দেশে ফিরে এসেছে। আজ এই বাক্য পূর্ণ হয়েছে, ইহুদিরা তাদের স্বদেশে চলে এসেছে।

148 আজ এই শাস্ত্রীয় বচন পূর্ণ হয়েছে, লায়দিকেয়া মণ্ডলীর যুগ।

149 আজ এই শাস্ত্রীয় বচন, মথি ২৪, পূর্ণ হয়েছে। পৃথিবী কলুষিত হয়েছে, সমগ্র বিষয়; জাতি জাতিদের বিরুদ্ধে, বিভিন্ন স্থানে ভূমিকম্প, বড় ঘূর্ণিবায়ু নেমে আসছে, জাতিকে কাঁপছে, ইত্যাদি, সর্বত্র মহা বিপর্যয়। আজ এই শাস্ত্রীয় বচন পূর্ণ হয়েছে।

150 এখন আমরা বিশ্বের অবস্থা খুঁজে পেয়েছি। আমরা দেখি যেখানে মণ্ডলী স্বাভাবিক—স্বাভাবিক, সংগঠন, ধর্মসম্প্রদায়, আমরা দেখি তারা কোথায় আছে। আমরা দেখি জাতিগুলো কোথায় আছে। আর আমরা দেখতে পাই যে আজ এই প্রতিশ্রুতিগুলি পূর্ণ হয়েছে।

151 এখন, কিন্তু এই সময়ে একটি উত্তম বিষয় আসতে চলেছে, অব্রাহামের রাজবংশ। তিনি ঠিক তাই হবেন, প্রতিশ্রুত রাজপুত্রের, একজন রাজবধূ হবেন। যেমন আমি গত রাতে বলেছিলাম, এটি একটি প্রাকৃতিক বীজ হবে না, এটি একটি আধ্যাত্মিক বীজ হবে। সেখানে একজন আধ্যাত্মিক বধূকে উঠতে হবে, যিনি অব্রাহামের রাজপুত্রের রাজকীয় বিশ্বাসের রাজবংশ হবে। তাকে শেষ সময়ে দৃশ্যে আসতে হবে, আর সময় ও স্থান একটি প্রতিশ্রুতি যা তাকে দেওয়া হয়েছে।

152 মালাখি ৪ অনুসারে, একটি শাস্ত্র, সেখানে একটি বার্তার উত্থাপন হবে যা লোকদের হৃদয়কে নাড়া দিয়ে পুনরায় প্রেরিত পিতাদের কাছে ফিরিয়ে আনবে। সেখানে দৃশ্যে একজনকে উঠতে হবে, এলিয় এর শক্তিতে, যিনি দৃশ্যে আসবেন; একজন ব্যক্তি প্রান্তর থেকে বেরিয়ে আসবেন, এবং তার কাছে একটি বার্তা থাকবে যা সরাসরি বাক্যে নিয়ে যাবে। এটাই সেই সময় যেখানে আমরা বাস করছি।

153 তারপর, এখন বিবেচনা করুন, আমি এই সময়ে আপনাদের জিজ্ঞাসা করছি, আপনারা এখানে জেফারসনভিলের লোকেরা। ১৯৩৩ সালে, সেই অতিপ্রাকৃত আলো যা নদীর উপর নেমে এসেছিল, সেই দিন যখন আমি যীশু খ্রীষ্টের নামে পাঁচশো লোককে বাপ্তিস্ম দিচ্ছিলাম, প্রায় কুড়ি বছর বয়সী বালক হয়ে। এটা কি বলেছিল, জেফারসনভিলে? সেখানে স্প্রিং স্ট্রিটের পাদদেশে সেখানে কি ছিল, যখন *কুরিয়ার জার্নাল*, আমি বিশ্বাস করি এটি *লুইসভিল হেরাল্ড* ছিল, এর নিবন্ধটি লিখেছিলেন? এটি অ্যাসোসিয়েটেড প্রেস পেরিয়ে কানাডায় চলে যায়। ১৯৩৩ সালে কানাডায়, ডাক্তার লি ভেল কাগজ থেকে এটি কেটে ফেলেন।

154 যখন আমি আমার সপ্তদশ ব্যক্তিকে বাপ্তিস্ম দিচ্ছিলাম, এই সাক্ষীর অধীনে; আর বাকি কাহিনীটি আপনারা জানেন। আর যখন

আমি সেখানে দাঁড়িয়ে সপ্তদশ ব্যক্তিকে বাপ্তিস্ম দিচ্ছিলাম, তখন স্বর্গ থেকে একটি আলো নেমে আসে, সেখানে উপরে জ্বলজ্বল করতে থাকে, স্বর্গ থেকে পড়ে যাওয়া তারার মতো। একটি রব বলেন, "যেমন যোহন বাপ্তিস্মদাতাকে খ্রীষ্টের প্রথম আগমনের পূর্বাভাস দেওয়ার জন্য পাঠানো হয়েছিল, তোমার বার্তা তাঁহার দ্বিতীয় আগমনের পূর্বে, সমস্ত জগতে প্রচারিত হইবে।" আজ এই শাস্ত্রীয় বচন পূর্ণ হয়েছে।

155 আজ! ঈশ্বর এটা প্রতিশ্রুতি দিয়েছেন। কি হয়েছে? আজ এটি বিশ্বজুড়ে ছড়িয়ে গেছে।

156 আর যখন ঈশ্বর সেখানে নেমে এসে বলেছিলেন যে, যখন আমি ছোট বালক ছিলাম, একটি জ্বলন্ত ঝোপের মধ্যে, অথবা সেখানে একটি ঝোপে, আগুনে, আগুনের স্তম্ভ সহ, এখানে ইউটিকা পাইকের ওয়াথেনের জায়গায়; সেখান থেকে জল আনছিলাম, সেই শস্যাগার থেকে চাঁদের আলো পর্যন্ত, আপনারা এর সত্যতা জানেন। তিনি বলেছিলেন, "তুমি কখনই ধূমপান করবে না, মদ্যপান করবে না, অথবা তোমার শরীরকে অশুচি করবে না, কারণ যখন তুমি বড় হবে, তখন তোমার জন্য একটি কাজ রয়েছে।" আমি সেটি সত্য বলে সাক্ষ্য দিচ্ছি, যে আমি এটা দেখেছি। আর ঈশ্বর, যেমন তিনি মোশির সঙ্গে করেছিলেন, সেখানে মণ্ডলীর সামনে কথা বলেছিলেন, "এটাই সত্য।"

আজ এই শাস্ত্রীয় বচন আমাদের মধ্যে পূর্ণ হয়েছে।

157 বিচক্ষণতা সম্পর্কে তিনি কি বলেছেন দেখুন, এবং এটি কেমন হবে; তাদের উপর হাত রাখা থেকে শুরু করে হৃদয়ের গোপন কথা ব্যক্ত করা পর্যন্ত। আজ এই শাস্ত্রীয় বচন আমাদের চোখের সামনে পূর্ণ হয়েছে।

158 এই প্রতিশ্রুতিগুলি যা করা হয়েছিল, লক্ষ্য করুন, এই সকল প্রতিশ্রুতি, প্রতিশ্রুতির ঈশ্বর দ্বারা প্রমাণিত এবং পূর্ণ হয়েছে। দেখুন, আজ রাতে ওয়াশিংটন, ডিসিতে ঝুলছে, প্রভুর দূতের ছবি!

159 জর্জ জে. লেসি, মার্কিন যুক্তরাষ্ট্র সরকারের জন্য এফবিআই অঙ্গুলাঙ্ক এবং নথির প্রধান, হিউস্টন, টেক্সাস থেকে এটি পরীক্ষা করে বলেছেন, "এটাই একমাত্র অতিপ্রাকৃত সত্তা যার ছবি সারা পৃথিবীতে কখনো তোলা হয়েছে।" তার জানা উচিত; তিনি বিশ্বের সেরা, এই কাজের জন্য।

160 লক্ষ্য করুন, সেখানে এটি ঝুলে আছে, সত্য হিসাবে, সেই একই আগুনের স্তম্ভ যা ইস্রায়েলকে প্রান্তরে নিয়ে গিয়েছিল। এটি আজ

নেতৃত্ব দিচ্ছে, একই ধরণের একটি বার্তা, “মিশর থেকে বেরিয়ে এসো!”... ?...অদ্যই এই শাস্ত্রীয় বচন পূর্ণ হয়েছে। তিনি যে বার্তা দিয়েছেন তা আপনারা জানেন।

161 টুকসনের দর্শনটি দেখুন, তিন বছর আগে, যখন এখানে রাস্তায় দাঁড়িয়ে ছিল। যখন, তার পাঁচ বছর আগে, তিনি বলেছিলেন, “যেদিন সেই নগরটি সেই দ্বারের সম্মুখে একটি কীল মেরে দেয়, নিজেকে পশ্চিমের দিকে ঘুরিয়ে নেও।” আমার ট্যাবারনাকেলের লোকেরা যারা এখানে আছেন, জানে-...সেই—সেই সময়। সেটা ঠিক।

162 আর যেদিন মহাশয় গয়েনেস আর তারা সেখানে ছিলেন, আর সেই কীলটি নামিয়ে দিয়েছিলেন, আমি স্ত্রীকে বললাম, “এই বিষয়ে কিছু আছে।”

সে বলল, “সেটা কি?”

আর আমি ভিতরে গিয়ে আমার ছোট্ট বইয়ের দিকে তাকালাম। সেখানে এটা ছিল।

163 আর তার পরের দিন সকাল দশটায়, সেখানে বসে, আমার ঘরে, প্রায় দশটার সময়, প্রভুর দূত নেমে আসেন। তিনি বললেন, “টুকসনে যাও। আপনি টুকসনের উত্তর-পূর্বে থাকবেন, আর সেখানে সাতজন স্বর্গদূত এক দলে আসবেন যারা আপনার চারপাশে সমগ্র পৃথিবীকে কাঁপিয়ে দেবে।” আর বললেন, “সেখান থেকে আপনাকে বলা হবে।”

164 কতজন এটা মনে রেখেছেন, এখানে, এটা ঘটার পূর্বে? [মণ্ডলী বলল, “আমেন।”—সম্পাদকীয়।] আজ রাতে এই ভবনে পুরুষরা বসে আছেন, যখন এটি ঘটেছিল তখন ঠিক সেখানে দাঁড়িয়ে ছিলেন।

165 আর বললেন, “সমগ্র বাইবেলের গোপন রহস্যের সপ্ত মুদ্রা খুলে যাবে, এবং প্রকাশিত বাক্য ১০ পূর্ণ করবেন, যেন সপ্তম দূতের বার্তায় এই বিষয়গুলি ঘটতে পারে।” আজ এই শাস্ত্রীয় বচন আমাদের চোখের সামনে পূর্ণ হয়েছে। আজ এই শাস্ত্রীয় বচন পূর্ণ হয়েছে।

166 গত বছর, একই জায়গায় দাঁড়িয়ে, এখানে মিস্টার উড আর আমি, পাহাড়ের উপরে যাচ্ছিলাম, এক ধরনের শোকার্ত হয়ে, তার স্ত্রী অসুস্থ হওয়ার জন্য, পবিত্র আত্মা বললেন, “সেখানে পড়ে থাকা একটি পাথর তুলে নিন। এটি বাতাসে নিক্ষেপ করুন। যখন সেটি নেমে আসে, তখন বলুন, ‘**সদাপ্রভু এই কথা কহেন**, পৃথিবীতে

বিচার আঘাত করবে।' তাকে বলুন যে তিনি আগামী কয়েক ঘন্টার মধ্যে ঈশ্বরের হাত দেখতে পাবেন।"

167 আমি মহাশয় উডকে বললাম; আজ রাতে উপস্থিত আছেন। আর, আমি অনুমান করি, পুরুষদের মধ্যে আট অথবা দশজন, অথবা পনেরো জন, যখন এটা ঘটেছিল তখন তারা সেখানে ছিলেন; পরের দিন সকালে, যেখানে প্রভু একটি ঘূর্ণিবায়ুতে নেমে আসেন এবং আমাদের চারপাশের পাহাড়টি বিদীর্ণ করে ফেলেন, এবং গাছের শীর্ষগুলি কেটে ফেলে তিনটি বিস্ফোরণ ঘটিয়ে বললেন, "বিচার পশ্চিম উপকূলের দিকে যাচ্ছে।"

168 এর দুই দিন পর, আলাস্কা প্রায় পৃথিবীর নিচে ডুবে যায়। আর তখন থেকে, উপকূলের এদিকে ওদিকে, সেই আধ্যাত্মিক পর্দার বিরুদ্ধে ঈশ্বরের বিচার উদ্গিরণ হচ্ছে। সেখানে একটি লোহার পর্দা রয়েছে, সেখানে একটি বাঁশের পর্দা রয়েছে, এবং সেখানে একটি পাপের পর্দা রয়েছে।

169 সভ্যতা সূর্যের সঙ্গে ভ্রমণ করেছে; সেইরূপ সুসমাচারও করেছে। তারা পূর্ব থেকে এসেছে এবং পশ্চিমে চলে গেছে, যেমন সূর্য যায়। আর এখন এটা পশ্চিম উপকূলে। এটি আর যেতে পারে না; যদি এটি আরও এগিয়ে যায়, এটি আবার পূর্ব দিকে ফিরে আসবে।

170 ভাববাদী বলেছিলেন, "এমন এক দিন আসবে যাকে দিন অথবা রাত বলা যায় না," একটি হতাশাজনক দিন, প্রচুর বৃষ্টি এবং কুয়াশা, কিভাবে একটি গির্জায় যোগদান করতে হয় বা একটি বইতে আপনার নাম লিখতে হয় তা জানা যথেষ্ট। "কিন্তু সন্ধ্যাকালে দীপ্তি হইবে।" আজ এই শাস্ত্রীয় বচন পূর্ণ হয়েছে।

171 একই—একই সূ-র্য যা পূর্ব দিকে উদিত হল সেই একই সূ-র্য যা পশ্চিমে অস্ত যায়। আর একই ঈশ্বরের পু-ত্র যিনি পূর্বে এসেছিলেন এবং নিজেকে প্রমাণিত করেন যেমন ঈশ্বর দেহে প্রকাশ হন, হলেন সেই একই ঈশ্বরের পু-ত্র এখানে পশ্চিম গোলার্ধে, যিনি আজ রাতে মণ্ডলীর মধ্যে নিজেকে চিহ্নিত করছেন, কাল, আজ এবং অনন্ত কাল একই। পুত্রের সন্ধ্যার দীপ্তি এসেছে। আজ এই শাস্ত্রীয় বচন আমাদের সামনে পূর্ণ হয়েছে।

172 এই অব্রাহামীয় যুগে আমরা কোথায় আছি? এই মহান সময়ে আমরা কোথায় দাঁড়িয়ে আছি, আমরা যে মহান সময়ে বাস করছি? সমস্ত দর্শন পূর্ণ হয়েছে।

173 যখন আমাদের এখানে একজন ছোট সেবক বন্ধু, সহযোগী বোন মণ্ডলী, জুনিয়র জ্যাকসনের বিষয়ে কি, এক রাতে আমাদের

কাছে ছুটে আসেন, আমি সেখানে, বললেন, “আমার একটি— একটি স্বপ্ন পেয়েছি, ভাই ব্রানহাম, সেটা আমাকে বিরক্ত করছে। আমি সমস্ত ভাইদের একটি পাহাড়ের উপরে একত্রিত হতে দেখেছি।” আর বললেন, “এই পাহাড়ের উপরে, আপনি আমাদের শিক্ষা দিচ্ছিলেন যে চিঠিগুলি লেখা হয়েছিল, দেখে মনে হচ্ছিল, কিছু অক্ষরে সেই সময়টি পাথরে খোদাই করা হয়েছিল। যখন আপনি এটি শেষ করলেন, যা শেষ হয়েছিল, আপনি আমাদের বললেন, বললেন, ‘কাছে আসুন,’ আর আমরা সবাই জড়ো হয়ে গেলাম।”

174 বললেন, “আপনি কোথাও থেকে এসে পৌঁছান আর, দেখতে অনেকটা, আপনার কাছে একটি শাবল ছিল এবং এই ছোট্ট পিরামিডের শীর্ষে আঘাত করেন। আর, যখন এটা হয়েছিল,” বললেন, “গ্রানাইট শিলা যার উপর কোন লেখা ছিল না। আর আপনি আমাদের বললেন ‘এটা দেখার জন্য।’” আর আপনারা সবাই..."আমরা সবাই দেখতে শুরু করলাম।” বললেন, “আমি মাথা ঘুরিয়ে দেখলাম, আপনি পশ্চিম দিকে যাচ্ছেন, সূর্যাস্তের দিকে যতটা দ্রুত আপনি পারেন।” এটা কতজনের মনে আছে? [মণ্ডলী বলল, “আমেন।”—সম্পাদকীয়।]

175 আর আমি সেখানে একটু দাঁড়িয়ে ছিলাম যতক্ষণ না পবিত্র আত্মা এটি প্রকাশ করেন। আমি বললাম, “সম্পূর্ণ বাইবেল, যতটা মানুষের কাছে প্রকাশিত হয়েছে, ধার্মিকতা, পবিত্রকরণের মাধ্যমে, পবিত্র আত্মার বাপ্তিস্ম, যীশুর নামে বাপ্তিস্ম, এবং এই সমস্ত বিষয়গুলি প্রকাশিত হয়েছে; কিন্তু ভিতরে গোপনীয়তা লুকিয়ে আছে, কারণ বাইবেল সপ্ত মুদ্রা দিয়ে মুদ্রাঙ্কিত। এটা খুঁজতে আমাকে অবশ্যই সেখানে যেতে হবে।”

176 সেই সকালে যখন সেই সাতজন স্বর্গদূত নেমে এসে পৃথিবীতে বিস্ফোরণ ঘটালেন, আর পাথরগুলি সর্বত্র উড়ে গেল, সাতজন স্বর্গদূত সেখানে দাঁড়িয়ে বললেন, “জেফারসনভিলে ফিরে যাও, যেখান থেকে তুমি এসেছ, কেননা সপ্ত নিগূঢ়তত্ত্বের সপ্ত মুদ্রা উন্মোচিত হইবে।”

177 আজ আমরা এখানে, *সর্পের বীজ* বুঝতে পারছি। কিছু দিনের মধ্যে, যদি ঈশ্বর চান, আমরা *বিবাহ এবং বিবাহবিচ্ছেদের* সঠিকতা বুঝতে পারব। আর এই সমস্ত বিষয় যা ঈশ্বর খুলে দিয়েছেন, প্রতিটি মুদ্রা, জগৎপত্তনের সময় থেকে রহস্যযুক্ত নিগূঢ় বিষয়গুলি। আর আমরা আনন্দে ছিলাম, তাঁর আশীর্বাদের উপস্থিতিতে! সেটা সত্য। আজ, এই শাস্ত্রীয় বচন!

178 *লাইফ* ম্যাগাজিনে এর একটি প্রবন্ধ প্রকাশিত হয়েছিল, "আলোর রহস্যময় বৃত্ত টুকসন এবং ফিনিক্সের উপরে বাতাসে উঠে যায়," ঠিক একইভাবে যা আমি আপনাদের এটি ঘটার প্রায় এক বছর আগে বলেছিলাম, এটি কীভাবে হবে, এবং একটি ত্রিভুজের মতো। ছবিটি সেখানে গির্জায় ঝুলছে। যারা সেই পত্রিকাটি নিয়েছেন আপনাদের কাছে এটি আছে। সেখানে এটি ছিল, ঠিক একই রকম ভাবে। তারা বলেছিল, "এটা সাতাশ মাইল উঁচু এবং ত্রিশ মাইল জুড়ে।" তারা এখনও বুঝতে পারে নি কি হয়েছিল। এটি রহস্যময়ভাবে আবির্ভূত হয় এবং রহস্যজনকভাবে চলে যায়।

179 ভাই ফ্রেড সোথম্যান, ভাই জিন নরম্যান এবং আমি, সেখানে দাঁড়িয়ে, তিনজন সাক্ষী, যেমন পাহাড়ের চূড়ায়: পিতর, যাকোব এবং যোহন, সাক্ষ্য দেওয়ার জন্য, সেখানে দাঁড়িয়ে এটা দেখেছেন যখন এটা ঘটেছিল, আর এটা হতে দেখেছেন।

180 সেখানে এটা, আকাশে ঝুলন্ত অবস্থায়; এখন পর্যন্ত, সেখানে আর্দ্রতা নেই, সেখানে আর্দ্রতা নেই অথবা কুয়াশা তৈরি করার মতো কিছুই নেই। কিভাবে তারা সেখানে আসতে পারে ? এটি ঈশ্বরের দূতগণ তাদের বার্তার প্রদান করার পরে ফিরে যান। আজ সেই ভবিষ্যদ্বাণী আমাদের সামনে পূর্ণ হয়েছে। আজ এই শাস্ত্রীয় বচন পূর্ণ হয়েছে।

181 দেখুন, সপ্ত মুদ্রা খোলা হয়েছে। ঘূর্ণিবায়ু পশ্চিম উপকূলে। এখন, এটা হারিয়ে ফেলবেন না, যেমন তারা সেখানে করেছিল।

182 এখন, আমাদের মনোযোগ, আমাদের সময়ের একটু কাছাকাছি। আজকের বিষয়ে, এবং আমরা যে সময়ে বাস করছি সে সম্পর্কে শাস্ত্র কি বলে ? যীশু কথা বলছেন...আমার কাছে সেগুলি নেওয়ার সময় নেই, কিন্তু আমরা বন্ধ করার আগে, আমি এটি নিতে চাই।

183 যীশু বলেছেন, লূক লিখিত সুসমাচার তার ১৭ অধ্যায়ে, ৩০ তম পদে। যীশু খ্রীষ্ট, স্বয়ং বাক্য! আপনি কি এটা বিশ্বাস করেন ? যীশু খ্রীষ্ট, স্বয়ং বাক্য, দেহধারণ করেছিলেন, বলেছেন শেষ সময়ের বাক্য কী হবে, জগতের শেষের চিহ্ন কী হবে। তিনি তাদের বলেছিলেন জাতি জাতির বিরুদ্ধে উঠবে, কিন্তু তিনি বলেছেন, "সদোমের সময়ে যেমন হয়েছিল, মনুষ্যপুত্রের প্রকাশের দিনেও তেমনই হইবে।"

184 এখন, যীশু যখন পৃথিবীতে আসেন, তিনি তিন পুত্রের নামে এসেছিলেন: মনুষ্যপুত্র, যিনি হলেন ভাববাদী; ঈশ্বরের পুত্র; এবং দায়ূদের পুত্র।

185 এখন, তিনি এখানে পৃথিবীতে বসবাস করেছিলেন। তিনি কখনও বলেননি যে তিনি ঈশ্বরের পুত্র ছিলেন, তিনি বলেছেন, "আমি মনুষ্যপুত্র।" যিহোবা, স্বয়ং, যিহিষ্কেল এবং ভাববাদীদের, "মনুষ্যসন্তান," বলেছেন কারণ, তাকে একজন ভাববাদী হিসাবে শাস্ত্র পূর্ণ করতে আসতে হতো। মোশি বলেছিলেন, "তোমার ঈশ্বর সদাপ্রভু আমার সদৃশ এক ভাববাদী উৎপন্ন করিবেন।" এই কারণেই তিনি সেখানে ঈশ্বরের পুত্র হতে পারেননি, কারণ তিনি মনুষ্যপুত্র ছিলেন। তিনি..."বাক্য ভাববাদীদের কাছে এসেছিল," এবং তিনি তার পূর্ণতায় বাক্য ছিলেন, মনুষ্যপুত্র, সেই—সেই প্রধান ভাববাদী, প্রধান ভাববাদী নয়, কিন্তু ঈশ্বর-ভাববাদী, "তাঁহাতেই ঈশ্বরত্বের সমস্ত পূর্ণতা দৈহিকরূপে ছিল," অতএব, তিনি মনুষ্যপুত্র ছিলেন।

186 এখন, দুই হাজার বছর ধরে, তিনি আমাদের কাছে ঈশ্বরের পুত্র, আত্মা হিসাবে পরিচিত।

187 আর সহস্রাব্দে, তিনি দায়ূদের পুত্র হবেন, সিংহাসনে অধিষ্ঠিত হবেন। আমরা সকলে তা জানি, যারা শাস্ত্রে বিশ্বাস করি।

188 এখন, যীশু বলেছেন, এই মণ্ডলীর যুগের শেষে, যেখানে আমরা বাস করছি, যে "মনুষ্যপুত্র সদোমে যেমন প্রকাশিত হইয়াছিলেন, তেমনি আবার প্রকাশিত হইবেন।"

189 দেখুন কিভাবে, ঐতিহাসিকভাবে, তিনি এটা প্রদান করেছেন। তিনি বলেছিলেন, "যেমন সেই সময় হয়েছিল," প্রথমে, "নোহের সময়ে, তারা ভোজন করছিল, মদ্যপান করছিল, বিবাহ করছিল ও বিবাহ দিচ্ছিল।" তারপর তিনি, পরবর্তীতে, শেষে, সদোমে মনুষ্যপুত্রকে নিয়ে আসেন। কারণ, সেখানে তিনি ইহুদিদের সঙ্গে বার্তালাপ করছিলেন; এখানে, সদোমে, তিনি পরজাতীয়দের সঙ্গে বার্তালাপ করছেন। সেখানে বিচারে, তিনি তাদের সবাইকে জলে নিমজ্জিত করেছিলেন; এখানে, পরজাতীয়দের কাছে, তিনি সদোমের দিনে তাদের সবাইকে পুড়িয়ে দিয়েছিলেন। সেটা ঠিক। পরজাতীয়দের জগৎ সেখানে পুড়ে যায়, "যখন মনুষ্যপুত্র প্রকাশ পাইবেন তখনও সেইরূপ হবে।" এটা আর জল দিয়ে নয়, কিন্তু এইবার আগুন দিয়ে। যীশু একই আদিপুস্তক ২৩ থেকে পাঠ করেছিলেন, যা আমরা পাঠ করি, যখন তিনি সদোম সম্পর্কে পাঠ করেছিলেন।

190 এখন, আমরা বিশ্বের সদোমের পরিস্থিতি, সদোমবাসী, সদোমের অবস্থার কথা যা বলা হয়েছে তা স্বীকার করি। আমরা, প্রত্যেকে, এর জন্য "আমেন" বলব। আমরা সেটা বিশ্বাস করি। ঠিক

আছে।

191 আর লায়দিকেয়ার আধ্যাত্মিক অবস্থা, স্বাভাবিক মণ্ডলী, আমরা এর জন্য "আমেন" বলব, এবং তাদের চিহ্নগুলি গ্রহণ করব। আমরা জানি যে প্রতিটি চিহ্ন সেখানে রয়েছে। মণ্ডলী লায়দিকেয়াতে অবস্থিত। আমরা সেটা জানি।

192 আমরা জানি পৃথিবী সদোমের অবস্থায় রয়েছে। এটা কি ঠিক ? আমরা এটা মেনে নেব।

193 কিন্তু অব্রাহামের চিহ্ন সম্বন্ধে কি, যিনি প্রতিশ্রুত পুত্রের জন্য অপেক্ষা করছেন ? সেটি অন্য একটি ছিল।

194 মনে রাখবেন, সেখানে তাদের একটি সদোম ছিল; সদোমের জন্য সেই দূতরা ছিলেন। আর অব্রাহামের কাছে একজন দূত ছিলেন।

195 অব্রাহাম অপেক্ষা করছিলেন, দিনের পর দিন, প্রায় একটি অসম্ভব বিষয় ঘটার জন্য। "সারা, নব্বই, এবং তিনি একশ।" ঈশ্বরের প্রতিশ্রুতি অনুসারে, তিনি তখনও অপেক্ষা করছিলেন। সব সমালোচনার মাঝেও তিনি অপেক্ষায় ছিলেন সেই পুত্রের জন্য।

196 তাই প্রকৃত বিশ্বাসী কি এখনও সেই প্রতিশ্রুত পুত্রের ফিরে আসার জন্য অপেক্ষা করছে! লক্ষ্য করুন, পুত্র আসার ঠিক আগে, তাকে একটি চিহ্ন দেওয়া হয়েছিল। অব্রাহামের রাজবংশের কাছে কি আসন্ন পুত্রের প্রকাশ হওয়ার চিহ্ন প্রকাশ হবে না, যারা রাজপুত্রের জন্য অপেক্ষা করছেন, স্বাভাবিক পুত্রের জন্য পিতা অব্রাহামের মতোই ? সেই অধিকার ? যীশু তাই বলেছেন, এখানে লূক লিখিত সুসমাচার ১৭:৩০ এ, "এই সময় আসার আগে," যে "মনুষ্যপুত্র সদোমের সময়ে, সদোমের ধ্বংসের পূর্বে যেমন প্রকাশ পাইয়াছিলেন, তেমনি প্রকাশিত হইবেন।" এখন আমরা একটি চিহ্ন খুঁজছি।

197 এখন সদোমের সময়ের অবস্থা নেওয়া যাক যেমনটা তখন ছিল। লক্ষ্য করুন, তারা সকলেই সদোমীয় অঞ্চলে গিয়েছিলেন।

198 আমি মনে করি একজন চলচ্চিত্র পরিচালক একটি ছবি বানিয়েছিলেন, খুব বেশি দিন আগে নয়, আর আমি এটি দেখতে পেয়েছি, সেটি হল, *সদোম*। আপনি যদি কখনও এটি দেখেন, এটি ছাড়া অন্য কিছু নেই, তবে এটি একবার দেখুন। এটি অবশ্যই মার্কিন যুক্তরাষ্ট্রের আজকের একটি ছবি দেখায়, হলিউড, ঠিক সেইরকম; একই ধরণের পোশাক এবং অন্য সবকিছু যা তারা ঠিক

তখন করেছিল; বড় মাতালের দল ইত্যাদি, মানুষের একটি ধর্মীয় সম্প্রদায়, তথাকথিত ধর্মীয়।

199 লক্ষ্য করুন, আর সদোমের একজন সাক্ষী ছিলেন, আর সে লোট নামে একজন ব্যক্তি ছিলেন, যিনি অব্রাহামের—এর ভাগ্নে ছিলেন।

200 এখন, অব্রাহাম সদোমে যাননি, তিনি এবং তার দল। তার সাথে একটি বড় দল ছিল, প্রায় এক ডজন রাজা এবং তাদের সেনাবাহিনীর বিরুদ্ধে লড়াই করার জন্য যথেষ্ট। তাই, তার সঙ্গে একটি বড় দল ছিল। আর তিনি সেখানে একটি ওক গাছের নিচে বসে ছিলেন, একদিন, যখন তার সঙ্গে সবকিছু খারাপ হচ্ছিল; তার সঙ্গে কারো কিছু করার ছিল না, কিন্তু তিনি এখনও সেই প্রতিশ্রুতি ধরে রেখেছিলেন।

এখন মনোযোগ দিন, খুব ভালো করে, আমরা বন্ধ করার আগে।

201 যখন তিনি সেখানে বসে ছিলেন, তখন তিনজন লোক নেমে আসেন, তাঁর কাছে হেঁটে আসেন। তাদের মধ্যে দুজন সদোমে চলে গেলেন এবং তাদের কাছে সুসমাচার প্রচার করেছিলেন, বেরিয়ে আসার জন্য, লোটের কাছে। এটা কি ঠিক ? কিন্তু একজন অব্রাহামের সঙ্গে থাকলেন। লক্ষ্য করুন, যিনি অব্রাহামের সঙ্গে ছিলেন তিনি স্বয়ং ঈশ্বর ছিলেন। অন্য দুজন ছিলেন বার্তাবাহক স্বর্গদূত।

202 এখন, সদোমে, তারা কোন অলৌকিক কাজ করেনি, শুধু তাদের অন্ধ করে দিয়েছিল। আর সুসমাচার প্রচার সবসময় তাদের অন্ধ করে দেয়।

203 এখন সেই দিনের অবস্থাটি দেখুন। একটি প্রাকৃতিক গির্জা আছে। ঈশ্বরের প্রতিনিধিত্ব করা হয়, সর্বদা তিনের মধ্যে, যেমন আমি গত রাতে বলেছিলাম। সেখানে সদোমীয়, লোটীয় এবং অব্রাহামীয়রা ছিল। এটি আজ রাতে একই অবস্থানে আছে, বিশ্ব ঠিক সেইভাবে অবস্থান করছে।

204 আমাকে আপনাদের কিছু জিজ্ঞাসা করতে দিন। এখন এই অবস্থানটি দেখুন। অব্রাহাম এই ব্যক্তিকে, যিনি তার সঙ্গে কথা বলেছিলেন, বলেছিলেন, “এলোহিম।” হিব্রু শব্দ *এলোহিম* এর অর্থ হল “সর্বশক্তিমান, যিনি অনন্ত,” এলোহিম, স্বয়ং ঈশ্বর!

205 আদিতে, আদিপুস্তক ১, বলে, “আদিতে ঈশ্বর...” সেখানে হিব্রু শব্দটি নিন, অথবা গ্রীক শব্দ, বরং, “আদিতে *এলোহিম*

আকাশ ও পৃথিবী সৃষ্টি করিলেন।”

206 এখানে, তিনি, আদিপুস্তক, প্রায় ২২ এখানে, তিনি আবার বলেছেন, অথবা—অথবা ২০ সম্পর্কে, তিনি বলেছেন, আর তিনি এই ব্যক্তিকে “এলোহিম” বলে ডাকলেন। কেন তিনি এটা করেছেন ? ঈশ্বর, মানবদেহে প্রতিনিধিত্ব করেছেন, যিনি অব্রাহামের সাথে বসেন এবং একটি বাছুরের স্যান্ডউইচ খান, কিছু দুধ পান করেন এবং কিছু রুটি খান। ঈশ্বর স্বয়ং, এবং অব্রাহামের সামনে অদৃশ্য হয়ে যান।

207 কিন্তু তিনি তাকে একটি চিহ্ন দেন। লক্ষ্য করুন। আর সেই চিহ্নটি ছিল যে তিনি তাম্বুর দিকে তাঁর পিঠ ফিরিয়েছিলেন।

208 আর মনে রাখবেন, অব্রাহাম, কয়েক দিন আগে তার নাম ছিল *অব্রাম*, এবং সারা নাম *সারী* ছিল; সা-রী তারপর সা-রা, এবং অ-ব্রা-ম থেকে অ-ব্রা-হা-ম। *অব্রাহাম* মানে “জাতিগণের পিতা।”

209 এখন এখানে খুব মনোযোগ দিয়ে শুনুন, এবং আমরা এখন যে সময়টিতে বাস করছি তার অবস্থান দেখতে পাব, যেমন যীশু আমাদের বলেছিলেন এই অবস্থাটি অনুসন্ধান করতে। আমরা এর বাকিটুকু দেখেছি; এখন দেখা যাক রাজবংশের কাছে, তারা কোন অবস্থাটি দেখতে পাবে।

210 এখন এই ব্যক্তিটি বললেন, “অব্রাহাম, তোমার স্ত্রী সারা কোথায় ?”

আর অব্রাহাম বললেন, “সে তাম্বুতে আছে, আপনার পিছনে।”

211 এখন, তিনি তাকে কখনও দেখেননি। তিনি কিভাবে জানতে পারলেন যে তার নাম *অব্রাহাম* ? তিনি কিভাবে তার নাম জানতেন *সা-রা* ? “অব্রাহাম, তোমার স্ত্রী সারা কোথায় ?”

বললেন, “সে তাম্বুতে আছে, আপনার পিছনে।”

212 তিনি বললেন, “আমি...” “আমি,” একটি ব্যক্তিগত সর্বনাম। “আমি প্রতিশ্রুতি অনুসারে তোমার সঙ্গে সাক্ষাৎ করবো। তোমার স্ত্রী সেই সন্তানের জন্ম দিতে যাচ্ছেন। তোমরা আমাকে বিশ্বাস করেছ, এখন আমি এটা বাস্তবায়িত করতে যাচ্ছি।”

213 আর সারা, তাম্বুতে, পিছনে, কথোপকথন শুনছিলেন, আপনারা এটি যাই বলুন, তাঁবুর মধ্য দিয়ে শুনছিলেন, সে তার হাতা উপরে করে হাসলো, আর সে বলল, “এখন, আমি, আমার মতো একজন বৃদ্ধ মহিলা, আমার প্রভুর সঙ্গে আনন্দ পাবো; আর তিনিও

বৃদ্ধ, সেখানে একশ বছর বয়সী? যদিও, এটা অনেক, অনেক বছর ধরে ঘটেনি।"

214 আর সেই মানুষটি, মা-নু-ষ, সেখানে বসে আহার করছেন, মানুষের দেহে, পান করছেন এবং একজন সাধারণ মানুষের মতো আহার করছেন; তাঁর কাপড়ে ধুলো মেখে, এবং তাঁর পায়ের ধুলো ছিল, আর অব্রাহাম তা ধুয়ে দিয়েছিলেন। ঈশ্বর, স্বয়ং, চারপাশে তাকালেন, আর তিনি বললেন, "সারা কেন হাসলো, তাম্বুতে, *এই* কথা বলে?" তিনি জানতেন, তার পিছনে, তাম্বুতে সারার চিন্তাভাবনা বুঝতে পারতেন। এটা কি ঠিক?

215 এখন, যখন অব্রাহামের রাজবংশ পৃথিবীতে আসে, তখন তিনি কোন চিহ্ন দেখালেন? মনুষ্যপুত্র। শিমোন একদিন তাঁর কাছে এলেন; আন্দ্রিয় তাকে নিয়ে আসেন। তিনি বললেন, "তোমার নাম শিমোন। তুমি যোহনের পুত্র," তিনি বললেন। দেখুন, এটি তার থেকে একজন বিশ্বাসী তৈরি করেছিল।

216 ফিলিপ গিয়ে নথনেলকে নিয়ে আসেন, ফিরে আসেন। বললেন, "আসুন, একজন লোককে দেখুন যাকে আমরা—আমরা খুঁজে পেয়েছি: নাসরতীয় যীশু, যোষেফের পুত্র।"

217 তিনি বললেন, "এখন এক মিনিট অপেক্ষা করুন। সেই ধর্মান্ধতা থেকে কি ভালো কিছু বের হতে পারে?"

তিনি বললেন, "এসো, দেখি।"

218 তাই যখন ফিলিপ যীশুর উপস্থিতিতে নথনেলের সঙ্গে আসেন, যীশু তার দিকে তাকিয়ে বললেন, "দেখ, একজন ইস্রায়েলীয়, যার মধ্যে কোন ছল নেই।"

তিনি বললেন, "রব্বি, আপনি আমাকে কখন চিনলেন?"

219 বললেন, "ফিলিপ তোমাকে ডাকার আগে, যখন তুমি গাছের নীচে ছিলে, আমি তোমাকে দেখেছি।"

220 তিনি বললেন, "রব্বি, আপনি ঈশ্বরের পুত্র। আপনি ইস্রায়েলের রাজা!"

221 যখন সেই মহিলাটি কূপের ধারে, তার অনৈতিক অবস্থায়, সেখানে আসে, এইরকম একটি ছোট্ট প্যানোরামিক কিছু, কিছু জল তোলার জন্য। যীশু তাঁর শিষ্যদের পাঠিয়েছিলেন, খাবার নিয়ে আসার জন্য। যখন সে জল তুলতে আসে, তখন তিনি বললেন, "নারী, আমাকে পান করিবার জল দেও।"

222 সে বলল, “আপনার এটা বলার প্রথা নেই। আমাদের এখানে বিচ্ছিন্নতা আছে। এখন, আপনি যিহূদী আমাদের শমরীয়দের সঙ্গে কোন সম্পর্ক নেই; আপনার সাথে আমাদের কিছু করার নেই।”

223 তিনি বললেন, “কিন্তু, নারী, যদি তুমি জানতে যে তুমি কার সঙ্গে কথা বলছ, তুমি আমার কাছে জল চাইতে। আমি তোমাকে এমন জল দিবো যে তুমি এখানে আর জল নিতে আসবে না।”

224 তিনি খুঁজে পেয়েছিলেন যে তার অবস্থা কি ছিল, এটা কেমন ছিল। তিনি বললেন, “যাও তোমার স্বামীকে নিয়ে এখানে এসো।”

নারীটি বলল, “আমার কোন স্বামী নেই।”

225 তিনি বললেন, “তুমি সত্য বলেছ। তোমার পাঁচজন ছিল, আর তুমি এখন যার সাথে বসবাস করছেন সে তোমার নয়।”

226 নারীটি বলল, “মহাশয়, আমি দেখিতেছি যে, আপনি ভাববাদী। মশীহ্ আসিতেছেন, তিনি যখন আসিবেন, তখন আমাদিগকে সকলই জ্ঞাত করিবেন।”

যীশু বললেন, “আমিই তিনি।”

227 তাতে, সে শহরে দৌড়ে এসে বলল, “আইস, একটী মানুষকে দেখ, আমি যাহা কিছু করিয়াছি, তিনি সকলই আমাকে বলিয়া দিলেন। তিনিই কি সেই মশীহ্ নহেন ?”

228 দেখুন, তিনি ইহুদী এবং শমরীয়দের সামনে এটি করেছিলেন, কিন্তু পরজাতীয়দের আগে কখনও করেননি। পরজাতীয়রা, আমরা, সেই সময়ে বিধর্মী ছিলাম, অন্যান্য জাতি, আমাদের পিঠে একটি দল বেঁধে, প্রতিমা পূজা করতাম। আমরা কোন মশীহের দিকে তাকিয়ে ছিলাম না।

229 তিনি কেবল তাদের কাছে উপস্থিত হন যারা তাকে খুঁজছেন, আর আমাদের তাঁর অনুসন্ধান করা উচিৎ।

230 কিন্তু যারা দাবি করেছিল যে তারা তাঁর অনুসন্ধান করছিল, মণ্ডলী স্বয়ং, যখন তারা এটা করতে দেখেছিল, তারা বলেছিল, “তিনি একজন শয়তান। তিনি একজন জ্যোতিষী, একজন বেল্‌সবূল !”

231 আর যীশু বলেছেন, “সেই পাপ তাদের ক্ষমা করা হবে,” কারণ তিনি তখনও মারা যাননি। “কিন্তু,” বলেছেন, “কোনো একদিন পবিত্র আত্মা এসে একই কাজ করবেন, আর তার বিরুদ্ধে একটি কথা বললে ক্ষমা করা হবে না।” এটাই সেই দিন, যেখানে প্রতিটি

বাক্যকে একসাথে আসতে হবে। “এর বিরুদ্ধে একটি কথা বলুন; এই পৃথিবীতে অথবা আগামী পৃথিবীতে কখনও ক্ষমা করা হবে না।”

232 সেটা ছিল অব্রাহামের রাজবংশ। আর এখানে অব্রাহামের সেই রাজবংশ, যিনি অব্রাহামের সাথে সেখানে বসে থাকা সেই ব্যক্তির সেই পরিচয়ের কারণে আসেন, প্রমাণ করতে আসেন যে তিনি একই ঈশ্বর ছিলেন, এই সময়ে প্রতিশ্রুতি দিয়েছেন, “সদোমের সময়ে যেমন হয়েছিল, মনুষ্যপুত্রের আগমনেও তদ্রূপ হইবে, যখন তিনি মনুষ্যপুত্ররূপে নিজেকে প্রকাশ করেন।” আমেন। আজ এই শাস্ত্রের বাক্য পূর্ণ হওয়ার সময়।

233 আমরা আজ যে অবস্থানে আছি তা দেখুন। সেই মণ্ডলীর দিকে দেখুন যেখানে ঈশ্বরের পুত্র...সেই হতাশাজনক দিনের দিকে দেখুন। সমস্ত ভবিষ্যদ্বাণী দেখুন। এখন, একটি অদ্ভুত বিষয়, আমাদের দর্শকদের তখন করণীয়, যদি অবস্থান সদোমের মতো হয়।

234 সেখানে তাদের তিনজন এসেছিলেন, স্বর্গ থেকে প্রেরিত তিনজন বিশিষ্ট ব্যক্তি। আমরা এটা স্বীকার করব। তাদের মধ্যে তিনজন; একজন অব্রাহামের সঙ্গে থাকলেন। তারা সকলেই সেখান থেকে শুরু করেছিলেন, কিন্তু একজন অব্রাহামের সঙ্গে থেকে যান। বাকিরা সদোমে চলে যান। এটা কি ঠিক? আর অব্রাহামের নাম পরিবর্তিত করা হয়েছিল, অব্রাম থেকে অব্রাহাম। সত্য?

235 পৃথিবীর ইতিহাস, মণ্ডলীর, কখনও সেখানে যাওয়ার জন্য একজন সুসমাচার প্রচারক ছিল না, একটি নামের সঙ্গে, যার শেষ হা-ম, আজ পর্যন্ত, বিলি গ্রা-হা-ম। এটা কি ঠিক? গ্রা-হা-ম [G-r-a-h-a-m—অনুবাদক।], ছয়টি অক্ষর। অ-ব্রা-হা-ম [A-b-r-a-h-a-m—অনুবাদক।] হল সাতটি অক্ষর। কিন্তু গ্রা-হা-ম ছয়টি অক্ষর, যা হল জগৎ, মানুষ। দেখুন?

236 দেখুন সেখানে কি হয়েছে, আজ, তারা কি স্বর্গ থেকে বার্তাবাহক।

237 বিলি গ্রাহামের মতো এত স্পষ্টভাবে কেউ কি পৃথিবীতে মন ফিরানোর বিষয়ে প্রচার করেছেন? বিলি গ্রাহামের মতো কোন ব্যক্তি কি মানুষের উপর এভাবে প্রভাব ফেলেছেন? আন্তর্জাতিকভাবে, একজন মানুষ কখনও ছিলেন না। ওহ, বিলি সানডে, ইত্যাদি, এখানে মার্কিন যুক্তরাষ্ট্রে ছিলেন, কিন্তু বিলি গ্রাহাম বিশ্বব্যাপী পরিচিত। দেখুন তিনি কোথায় ডাকছেন? সদোমের বাইরে।

238 আর তিনি সেখানে পেন্টিকোস্টাল চার্চের সাথে তার সহচর দল পেয়েছেন, ওরাল রবার্টস।

239 কিন্তু মনোনীত দলের বিষয়ে কি? কি ধরনের চিহ্ন তারা দেখতে পাবে? তাদের কাছে কি থাকার কথা? হালেলুইয়া! "সন্ধ্যাকালে দীপ্তি হইবে।" আজ এই শাস্ত্রীয় বচন পূর্ণ হয়েছে। আজ ঈশ্বরের প্রতিশ্রুতি পূর্ণ হয়েছে। আমরা জানি যে সেটি সত্য হতে হবে। তিনি আজ রাতে এখানে আছেন যেমন তিনি তখন ছিলেন।

240 এখন, এটি প্রচার করার জন্য, আমি কিছুক্ষণ আগে বলেছিলাম, আপনি যদি কিছু প্রচার করেন এবং এটি সুসমাচারের সত্য, তাহলে ঈশ্বর তা প্রমাণ করতে বাধ্য। এটা কি সত্য? এখন, যদি তাই হয়, সেই ঈশ্বর যিনি বাক্য লিখেছেন, সেই ঈশ্বর যিনি ভবিষ্যদ্বাণী করেছেন, সেই ঈশ্বর যিনি বাক্যের ঈশ্বর, তিনি এগিয়ে আসুন এবং প্রমাণ করুন যে তিনি এখনও ঈশ্বর।

241 এলিয় যখন পাহাড়ে উঠেছিলেন; দেখছিলেন, ইলীশায় এলিয়কে দেখছিলেন, তিনি বললেন, "আমি দ্বিগুণ অংশ চাই।" আর এলিয়র উপর যে চাদর ছিল তা ইলীশায়ের উপর চলে আসে। তিনি নেমে আসেন, আর সেই কম্বল দ্বিগুণ করে নদীর উপর আঘাত করলেন, আর বললেন, "এলিয়র ঈশ্বর কোথায়?" আর এলিয়র ক্ষেত্রে যে ঘটনা ঘটেছিল, ইলীশায়ের ক্ষেত্রেও একই ঘটেছিল।

242 আর সেই একই সুসমাচার, একই শক্তি, একই মনুষ্যপুত্র যিনি গতকাল ছিলেন, আজ আছেন এবং অনন্ত কাল ধরে থাকবেন। ইব্রীয় ১৩:৮। আপনারা কি এটা বিশ্বাস করেন? [মণ্ডলী বলল, "আমেন।"—সম্পাদকীয়।] তাহলে, আমি আপনাদের জিজ্ঞাসা করি। আমি তিনি হতে পারি না, কিন্তু তিনি এখানে আছেন। আমরা শুধু একটি বাহক।

243 আপনাদের মধ্যে কিছু লোক, যারা অসুস্থ এবং পীড়িত, আপনারা জানেন যে আমি আপনাদের চিনি না, ঈশ্বর এখন...যদি আমি নিজেকে যথেষ্ট নম্র করতে পারি। আপনারা প্রার্থনা করুন এবং ঈশ্বরের কাছে যাচ্ঞা করুন।

244 আমি অনুমান করি না...ভবনে একটিও প্রার্থনা কার্ড নেই, সেখানে কি আছে? না, আমি করি না...আমরা কোন প্রার্থনা কার্ড দিই নি। আমরা প্রার্থনা সভা করতে যাচ্ছি...অথবা অসুস্থদের আরোগ্যকরণ, গির্জায়। কিন্তু, আপনারা প্রার্থনা করুন।

245 আর আপনারা জানেন যে আমি আপনাদের কাছে সম্পূর্ণ অপরিচিত। দেখুন, জেফারসনভিলে, আপনারা আমাকে চেনেন! আমি চাই না জেফারসনভিলের লোকেরা এটা করুক। আমি চাই

লোকেরা এখান যারা দূরে কোথাও থেকে এসেছেন। দেখুন ঈশ্বর এখনও প্রকাশ করেন কিনা! দেখুন তিনি কাল, আজ এবং অনন্ত কাল একই আছেন কিনা!

246 সেই মহিলার মতো করুন। তিনি সেখান দিয়ে যান, আর সে বলল, "আমি এই ব্যক্তিকে বিশ্বাস করি।" তার রক্তের সমস্যা ছিল, আর সে বলেছিল, "যদি আমি তাঁর পোশাক স্পর্শ করতে পারি, আমি বিশ্বাস করি আমি সুস্থ হয়ে উঠব।" এটা কি ঠিক?

247 তার বিশ্বাসের জন্য, সেই দিন, শাস্ত্র পূর্ণ হয়েছিল। "তিনি ভগ্ন হৃদয়ের হৃদয় বেঁধে দেন, অসুস্থ ও খোঁড়াদিগকে সুস্থ করেন।"

248 যখন সে তাঁর পোশাক স্পর্শ করল, আর বাইরে গিয়ে বসে পড়ল, তিনি ঘুরে বললেন, "কে আমাকে স্পর্শ করেছে?" তিনি কিভাবে জানলেন, এত লোকদের মধ্যে, সম্ভবত ত্রিশ গুণ যা আজ রাতে এখানে আছে, হাজার হাজার লোক? তিনি কিভাবে এটা জানতে পারলেন? তিনি বললেন, "কে আমাকে স্পর্শ করেছে?" তিনি শুধু বলার জন্য এটা বলেননি; তিনি বলেছিলেন কারণ এটা সত্য ছিল। আর তিনি বললেন, "কে আমাকে স্পর্শ করেছে?" আর সরাসরি তিনি পাশে তাকালেন আর সেই মহিলাটিকে দেখলেন, যেখানে সে বসে ছিল অথবা দাঁড়িয়ে ছিল, সে যে অবস্থানেই থাকুক না কেন, তাকে বলেছিল যে তার রক্তের সমস্যা চলে গেছে।

249 তিনি গতকাল যীশু ছিলেন। আজও তিনি সেই আছেন। আপনারা কি এটা বিশ্বাস করেন?

250 আমি আপনাকে চিনি না; ঈশ্বর চিনেন। কিন্তু আপনার পার্শ্বে ব্যথা রয়েছে, সেটা আপনাকে বিরক্ত করছে। সেটা ঠিক। আপনি সেখানে এই বিষয়ে প্রার্থনা করছেন। আমি কি আপনাদের কাছে অপরিচিত, আর আমরা কি একে অপরের কাছে অপরিচিত? দাঁড়ান, যদি এটা তা হয়। আমি আপনাকে চিনি না। *এই* লোকটি এখানে কোণে, এই যুবকটি। আপনার গলাও খারাপ হয়েছে। সেটা ঠিক। আপনি এই বিষয়ে প্রার্থনা করছেন। আপনারা সকলে কোন একটি বিষয় নিয়ে স্নায়বিক হয়েছেন। আপনাকে সভা ছেড়ে চলে যেতে হবে কারণ, আপনি একজন সেবক, আপনার কিছু কাজের ব্যস্ততা আছে যা আপনাকে করতে হবে। সেটা ঠিক। আহ্-হাহ্। আপনি কি বিশ্বাস করেন, ঈশ্বর জানেন আপনি কে? রেভারেন্ড মিস্টার স্মিথ, এখন আপনি যেতে পারেন এবং সুস্থ হতে পারেন। যীশু খ্রীষ্ট আপনাকে সুস্থ করেছেন। আপনার সভায় যান; আপনার গলা আপনাকে বিরক্ত করবে না।

তিনি কাকে স্পর্শ করেছিলেন ?

251 *এখানে* একজন ব্যক্তি বসে আছেন; তিনি কষ্ট পাচ্ছেন। তার বাম ফুসফুসে টিউমার হয়েছে। তিনি...তিনি এখানকার নন। আপনি খনিতে কাজ করতেন। সেটা ঠিক। আমি আপনার কাছে সম্পূর্ণ অপরিচিত। যদি সেটা ঠিক হয়, আপনার হাত নাড়ুন। টিউমারটি আপনার বাম ফুসফুসে আছে, আর আপনি এখনই অপারেশনের জন্য প্রস্তুত। সেটা ঠিক ? আপনি এখান থেকে আসেননি। আপনি শহরের বাইরে থেকে এসেছেন। আপনি ভার্জিনিয়া থেকে এসেছেন। সেটা ঠিক। আপনি কি বিশ্বাস করেন, ঈশ্বর জানেন আপনি কে ? মিস্টার মিশেল, সেটা ঠিক, বাড়িতে যান এবং সুস্থ হন। যীশু খ্রীষ্ট আপনাকে সুস্থ করেন। লোকটিকে জিজ্ঞাসা করুন ! আমার জীবনে তাকে কখনো দেখিনি। তিনি সেখানে বসে প্রার্থনা করছিলেন।

আজ এই শাস্ত্রীয় বচন !

252 এখানে একজন ভদ্রমহিলা বসে আছেন, আমার পিছনে, যেমন সারা তাম্বুতে ছিলেন। তিনি একটি মেয়ের জন্য প্রার্থনা করছেন। উঠে দাঁড়ান। সে এখানে নেই; সে দূরে, সেই মেয়ে। আর আপনিও একই রকম করেছেন যখন একজন মহিলা যীশুর কাছে এসেছিলেন, যার একজন মহিলা ছিল যে শয়তানের দ্বারা বিভিন্নভাবে বিরক্ত হয়েছিল। সেই মহিলাটি...মেয়েটি ভূতগ্রস্ত ছিল। সে এখানে নেই। সে...আপনি উত্তর ক্যারোলিনা থেকে এসেছেন। আপনি এটা বিশ্বাস করেন ? আর এটাই সত্য, তাই না ? মিসেস অর্ডার্স, আপনি বাড়িতে যেতে পারেন। যদি আপনি আপনার সমস্ত হৃদয় দিয়ে বিশ্বাস করেন, যেমন যীশু খ্রীষ্টের সময়ে হয়েছিল, বলেছিলেন সে সুস্থ হয়ে গেছে, আপনি আপনার মেয়েকে সেইরূপ পাবেন।

253 আজ এই শাস্ত্রীয় বচন; সদোমের চিহ্ন, উত্তম বীজের চিহ্ন, প্রাকৃতিক গির্জার চিহ্ন ! আজ এই শাস্ত্রীয় বচন আপনাদের সামনে পূর্ণ হয়েছে। আপনি কি এটা বিশ্বাস করেন ?

254 আপনি কি তাকে এখনই আপনার ত্রাণকর্তা এবং আরোগ্যদানকারী হিসাবে গ্রহণ করবেন ? নিজ পায়ে উঠে দাঁড়ান, আপনারা প্রত্যেকে বলুন, “আমি আমার নিরাময় গ্রহণ করি। আমি তাঁকে আমার ত্রাণকর্তা হিসাবে গ্রহণ করি। আমি তাঁকে আমার রাজা হিসাবে গ্রহণ করি।” প্রত্যেকে নিজ পায়ে উঠে দাঁড়ান।

আজ ! শুনুন, বন্ধুরা।

255 "তিনি শাস্ত্র পাঠ করিলেন, যাজকের নিকট বাইবেল ফিরাইয়া দিয়া, আর," বললেন, "সকলের চক্ষু তাঁহার প্রতি স্থির হইয়া রহিল। আর তিনি তাহাদিগকে বলিতে লাগিলেন, 'অদ্যই এই শাস্ত্রীয় বচন তোমাদের কর্ণগোচরে পূর্ণ হইল।'"

256 আমি শাস্ত্র পড়েছি, এক ডজন বা তার বেশি প্রমাণ সহ যে আমরা শেষ সময়ে বাস করছি, সেই প্রজন্ম যারা যীশু খ্রীষ্টকে পৃথিবীতে ফিরে আসতে দেখবে। আর আমি আজ রাতে আপনাদেরকে আবার বলছি, আজ এই শাস্ত্রীয় বচন আপনাদের দৃষ্টিগোচরে পূর্ণ হয়েছে।

257 আপনারা যারা টুকসনে, আপনারা যারা ক্যালিফোর্নিয়ায়, আপনারা যারা নিউ ইয়র্কে, এই টেলিফোন হুক-আপগুলিতে, আজ এই শাস্ত্রীয় বচন আপনাদের দৃষ্টিগোচরে পূর্ণ হয়েছে।

258 আসুন আমরা আনন্দিত হই এবং উল্লাস করি, কারণ মেষশাবকের বিবাহ সন্নিকট, আর তার বধূ...তার বধূ নিজেকে প্রস্তুত করেছে।

259 আসুন আমরা আমাদের হাত তুলে তাকে মহিমান্বিত করি, সকলে মিলে। ঈশ্বর আপনাদের আশীর্বাদ করুন।

65-0219 অদ্যই এই শাস্ত্রীয় বচন পূর্ণ হইল
পার্কভিউ জুনিয়র হাই স্কুল
জেফারসনভিল, ইন্ডিয়ানা ইউ.এস.এ.

BENGALI

©2024 VGR, ALL RIGHTS RESERVED

VOICE OF GOD RECORDINGS, INDIA OFFICE
19 (NEW NO: 28) SHENOY ROAD, NUNGAMBAKKAM
CHENNAI 600 034, INDIA
044 28274560 • 044 28251791
india@vgroffice.org

VOICE OF GOD RECORDINGS
P.O. BOX 950, JEFFERSONVILLE, INDIANA 47131 U.S.A.
www.branham.org

কপিরাইট বিজ্ঞপ্তি

সর্বস্বত্ব সংরক্ষিত। এই বইটি, যীশু খ্রীষ্টের সুসমাচার ছড়িয়ে দেওয়ার একটি হাতিয়ার হিসাবে, ব্যক্তিগত ব্যবহারের জন্য অথবা বিনামূল্যে বিতরনের জন্য ঘরের প্রিন্টারে মুদ্রিত করা যেতে পারে। ভয়েস অফ গড রেকর্ডিংস® এর লিখিত অনুমতি ব্যতীত এই বইটি বিক্রি করা, বৃহৎ আকারে পুনরুত্পাদন করা, ওয়েবসাইটে পোস্ট করা, একটি পুনরুদ্ধার সিস্টেমে সংরক্ষণ করা, অন্য ভাষায় অনুবাদ করা অথবা তহবিল চাওয়ার জন্য ব্যবহার করা যাবে না।

আরও তথ্যের জন্য অথবা অন্যান্য উপলব্ধ বিষয়ের জন্য, অনুগ্রহ করে যোগাযোগ করুন:

Voice Of God Recordings, India Office
19 (New No: 28) Shenoy Road, Nungambakkam
Chennai 600 034, India
044 28274560 • 044 28251791
india@vgroffice.org

Voice Of God Recordings
P.O. Box 950, Jeffersonville, Indiana 47131 U.S.A.
www.branham.org